The New Nation
Date:29-09-2016 Page:12 ,Col: 2-3 Size: 17 Col*Inc

# BD moves a step forward in GCI

**BSS**, *Dhaka*

Bangladesh has moved a step forward in global competitiveness rankings for better performance in the fields like infrastructure and institutional capacity building.

The country has been ranked 106th in the Global Competitiveness Report 2016-17-one notch up from last year's 107th position. The report that was released in Bangladesh yesterday covered 138 countries.

Centre for Policy Dialogue (CPD), which has carried out a opinion survey on behalf of the Geneva-based World Economic Forum (WEF) on global competitiveness index (GCI), said Bangladesh has made considerable progress in institutions and infrastructure pillars. "Bangladesh has advanced mainly due to better performance in the area of institutions and infrastructure," Dr Khondaker Golam Moazzem, additional director of the (CPD), said at the report- launching programme.

However, deterioration is observed in few indicators - health and primary education and financial market sophistication. Rank of labour market efficiency pillar has improved but the score declined compared to that in the last year. "Overall score has improved but Bangladesh is still underperformer in the basic requirement sub-index," said Dr Moazzem.

Contd on page-11- Col-7

# BD moves a step

**Cont from page 12**

Highlighting the opinion of the business community, he said Bangladesh needs to give more attention to infrastructure, human resource, good governance, institutional capacity building and stability of the financial sector for achieving middle income country status. "We are now a lower middle country. We have to increase our capacity of competitiveness to achieve our target of becoming middle income country," said CPD's executive director Dr Mustafizur Rahman.

The GCI is based on 12 pillars under three sub-indices. Some 113 different aspects and issues are measured in the index. Each of them is measured with a score ranging from minimum 1 to maximum 7.

Switzerland topped the index for the 8th consecutive year, followed by Singapore, the United States, Germany and the Netherlands. Among the members of the South Asian Association for Regional Cooperation (SAARC) India advanced to 39th from 55th. Nepal stood at 98th (up one), Bhutan at 97th (up eight) and Pakistan, the weakest performer, at 122nd.

daily sun
TRUE & IMPARTIAL
Date:29-09-2016 Page:01, Col:7-8 Size:15 Col*Inc

## Global Competitiveness Index

# Dhaka moves a notch up

**Bangladesh** has been ranked 106th, one step up than the previous year, among 138 countries in the Global Competitiveness index.

The Global Competitiveness Report 2016–2017, published by World Economic Forum on Tuesday disclosed the matter, reports banglanews24.com.

Center for Policy Dialogue (CPD), which helped in preparing the report, published it in a press briefing at CIRDAP auditorium in Dhaka on Wednesday.

**Page 15 Col 1**

## Dhaka moves

***From Page 1***

The report was prepared based on the data provided by International Monetary Fund (IMF) and World Economic Outlook Database till April 2016.

According to the Report, the country has scored 3.8 points out of 7.0.

Bangladesh was ranked 107th among 140 countries in 2015-16.

The World Economic Forum, which has been measuring competitiveness among countries since 1979, defines it as "the set of institutions, policies and factors that determine the level of productivity of a country".

The Report was prepared based on 12 pillars that were categorized in three sub-indices.

Subindex A (Basic Requirements) includes four pillars – Institutions, Infrastructure, Macroeconomic Environment and Health and primary education.

Subindex B (Efficiency Enhancers) includes six pillars – Higher education and training, Goods market efficiency, Labor market efficiency, Financial market development, Technological readiness and Market size.

Subindex C (Innovation and Sophistication Factor) includes two pillars – Business Sophistication and Innovation.

Bangladesh scored most points (5.2 out of 7) in the 4th Pillar Health and primary education and ranked 105th while scored lowest points (2.7) in the 9th Pillar Technological readiness. In Technological readiness the country ranked 122nd.

The Global Competitiveness Report 2016-2017 assesses the competitiveness landscape of 138 economies, providing insight into the drivers of their productivity and prosperity.

This year's edition highlighted that declining openness is threatening growth and prosperity.

It also highlighted that monetary stimulus measures such as quantitative easing are not enough to sustain growth and must be accompanied by competitiveness reforms.

Final key finding points to the fact that updated business practices and investment in innovation are now as important as infrastructure, skills, and efficient markets.

Switzerland, Singapore, and the United States remain the three world's most competitive economies.

daily observer
Second Edition
We stand for people's rights
www.observerbd.com
Date:29-09-2016 Page 17, Col 1-5 Size: 40 Col* Inc

## GLOBAL COMPETITIVENESS INDEX

# Bangladesh goes one step ahead to 106th spot

**Staff Correspondent**

Bangladesh's ranking in the Global Competitiveness Index for 2016-17, released by the World Economic Forum (WEF) on Wednesday, has improved one place to 106th among 138 countries surveyed.

Bangladesh has improved its rank in the Global Competitiveness Index as per the annual report released worldwide by the World Economic Forum (WEF) on Wednesday.

According to the report Bangladesh faring the least in South Asia (SA) has improved one place to 106th among 138 countries surveyed in Global Competitiveness Index in 2016-17. Last year its position was 107.

India, led in SA climbing 16 places to 39th position this year from 55th last year. But Sri Lanka slipped three places to 71st. However Bhutan and Nepal both have improved their positions by eight notches to 97th and one notch at 98th respectively.

Pakistan was in lowest spot of the group of South Asian economies, ranking 122 against last year's 126.

The Centre for Policy Dialogue (CPD), on behalf of WEF, officially launched the report yesterday at a media briefing at CIRDAF conference room in the capital, where the local think-tank also presented the findings of the Bangladesh Business Environment Study 2016.

CPD Additional Research Director Khondaker Golam Moazzem read out the report while Executive Director Professor Mustafizur Rahman also spoke on the occasion.

Overall score has improved by 1.06 per cent to 3.80 in 2016-17 from 3.76 the previous year, said CPD Golam Moazzem.

According the report Switzerland retained its top position as the most competitive country for seven years followed by Singapore and the United States. Middle-eastern nation Yemen is at the bottom scoring 2.74 behind the African countries of Mauritania, Chad, Burundi and Malawi.

The WEF, known as the Davos Forum, has been publishing the Global Competitiveness Report since 2011.

About Bangladesh the report said, Bangladesh is still underperformer in the 'Basic requirement' sub index; noticeable progress is observed in ranking. Considerable progress (still in the lowest quantile) has been observed in Infrastructure 114th from 123rd and Institutions pillars 125th from 132nd.

Bangladesh slid to 65th (from 49th) in Macroeconomic Stability pillar which has affected further improvement in overall ranking. Macro pillar slid because of declining situation in terms of government budget balance (% of GDP), gross national savings (% of GDP) and country credit rating.

Performance deteriorated in case of Health and Primary Education (105th from 101st), and

Financial Market Sophistication (99th from 90th). Rank of Labour Market Efficiency pillar has improved but the score declined (score -2.98%) compared to that in the last year

Innovation and sophistication though still in the bottom quartile of countries, but made some positive changes in this year.

The Index is based on 12 basic factors -- institutions, infrastructure, the macroeconomic environment, health, education, market efficiency, the labour market, financial market development, technological capacity, market size, innovation and business sophistication.

The Global Competitiveness Report is the flagship publication of the WEF where CPD is the partner organisation which conducts the Bangladesh chapter of the study.

The Global Competitiveness Report 2016-17 will provide relative rankings of over 140 countries based on the perception of leading entrepreneurs and business executives taking part in the surveys conducted in the aforesaid countries.

প্রথম আলো

Date:29-09-2016 Page :13, Col 2-5 Size: 21 Col*Inc

# প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ উন্নতি

## ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিবেদন প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচক বা গ্লোবাল কম্পিটিটিভ ইনডেক্সে (জিসিআই) ২০১৬-১৭ অর্থবছরে বাংলাদেশ বিশ্বের ১৩৮টি দেশের মধ্যে ১০৬তম অবস্থান পেয়েছে। গত বছর তা ছিল ১০৭তম। এবার বাংলাদেশ এগিয়েছে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও অবকাঠামোর উন্নতির কারণে।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদনটি গতকাল বুধবার বিশ্বজুড়ে প্রকাশ করা হয়। বাংলাদেশে এটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। প্রতিবেদনের সঙ্গে সিপিডি তাদের একটি র‍্যাপিড অ্যাসেসমেন্ট সার্ভে বা তাৎক্ষণিক পর্যালোচনা জরিপও প্রকাশ করে।

প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বরাবরের মতো এবারও প্রথম অবস্থান পেয়েছে সুইজারল্যান্ড। প্রথম ১০-এ থাকা বাকি দেশগুলো হলো সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড। বাংলাদেশের প্রতিযোগী দেশের মধ্যে ভালো অবস্থানে আছে মালয়েশিয়া (২৫তম), চীন (২৮তম), থাইল্যান্ড (৩৪তম), ইন্দোনেশিয়া (৪১তম), ভিয়েতনাম (৬০তম), শ্রীলঙ্কা (৭১তম) ও কম্বোডিয়া (৮৯তম)।

দক্ষিণ এশিয়ায় এ বছর সবচেয়ে ভালো করেছে ভারত। ৫৫তম অবস্থান থেকে তারা উঠে এসেছে ৩৯তম অবস্থানে। এ ছাড়া নেপাল দুই ধাপ এগিয়ে ৯৮তম ও ভুটান ৮ ধাপ এগিয়ে ৯৭তম অবস্থান পেয়েছে। এই অঞ্চলে বাংলাদেশের পেছনে আছে কেবল পাকিস্তান। দেশটি ৪ ধাপ এগিয়েও ১২২তম অবস্থান পেয়েছে।

প্রতিবেদন প্রকাশ উপলক্ষে সিপিডি গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। এতে সংস্থাটির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনের বিস্তারিত তুলে ধরে বলেন, বাংলাদেশ সক্ষমতা সূচকে আগের চেয়ে নম্বর বেশি পাচ্ছে। তবে অন্যরা এগিয়ে যাওয়ায় সূচকে বাংলাদেশের অবস্থান বিশেষ এগোচ্ছে না। তিনি বলেন, গত সাত বছরে বাংলাদেশের নম্বর বেড়েছে ৭ শতাংশ। কিন্তু অবস্থানের উন্নতি হয়েছে মাত্র এক ধাপ।

সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশকে উচ্চ-মধ্যম আয়ের দেশ হতে হলে উৎপাদনশীলতা নির্ভর অর্থনীতিতে যেতে হবে। সেখানে শ্রমের দক্ষতা ও বিনিয়োগের দক্ষতার প্রশ্ন আসবে। এ প্রতিবেদন থেকে ব্যবসায়ীদের ভবিষ্যৎ চাহিদার ইঙ্গিত নীতিনির্ধারকেরা পাবেন।

প্রতিযোগিতা সক্ষমতা সূচক তৈরি হয়েছে ১২টি বিষয়ের ওপর। এর মধ্যে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজারের দক্ষতা, শ্রমবাজারের দক্ষতা, প্রযুক্তি, বাজারের আকার, ব্যবসায় উন্নতি ও উদ্ভাবনে বাংলাদেশের নম্বর বেড়েছে। অন্যদিকে সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা ও আর্থিক খাতের উন্নতিতে বাংলাদেশ পিছিয়েছে।




বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে সিপিডির কর্মকর্তারা ● ছবি : প্রথম আলো

প্রতিবেদনটি তৈরিতে গত ফেব্রুয়ারি থেকে মে মাস পর্যন্ত সময়ে বাংলাদেশের ৮৯টি ব্যবসাপ্রতিষ্ঠানের মতামত নেওয়া হয়। তাদের বেশির ভাগের কাছে বাংলাদেশের প্রধান সমস্যা ছিল অবকাঠামো সংকট। গত বছর প্রথম অবস্থানে ছিল দুর্নীতি। এবার এটি দ্বিতীয় অবস্থান পেয়েছে। পরের অবস্থানগুলোতে আছে ঋণের অভাব, আমলাতন্ত্রের অদক্ষতা, শিক্ষিত শ্রমশক্তির অভাব, উচ্চ কর হার ইত্যাদি।

এ বিষয়ে গোলাম মোয়াজ্জেম বলেন, বিগত বছরগুলোতে মূল কয়েকটি সমস্যায় ব্যবসায়ীদের বেশি জোর দিতে দেখা যেত। এখন তারা অন্য কিছু সমস্যাও সামনে নিয়ে আসছে। রাজনৈতিক অস্থিতিশীলতা, নীতির ধারাবাহিকতার অভাব, মূল্যস্ফীতি ও শ্রমনীতিবিষয়ক সমস্যাগুলো এখন গুরুত্ব পাচ্ছে না।

জরিপে ব্যবসায়ীরা আর্থিক পরিবেশ নিয়ে বেশির ভাগ ক্ষেত্রে নেতিবাচক মত দিয়েছেন। যেমন পুঁজিবাজারে মূলধন সংগ্রহ নিয়ে গত বছর ৪৫ শতাংশ ব্যবসায়ী ভালো বলে মত দিয়েছিলেন। এবার ৫১ শতাংশ মন্দ বলে অভিহিত করেছেন। ব্যাংক খাত নিয়েও ব্যবসায়ীদের মত নেতিবাচক। গোলাম মোয়াজ্জেম বলেন, আর্থিক খাতে বাংলাদেশ একসময় মধ্যম পর্যায়ে ছিল। এখন নিম্ন সারিতে আটকে যাচ্ছে।

অনুষ্ঠানে সংলাপ ও যোগাযোগপ্রধান আনিসাতুল ফাতেমা ইউসুফ ও জ্যেষ্ঠ গবেষণা সহকারী কিশোর কুমার বসাক উপস্থিত ছিলেন।

প্রথম আলো

Date:29-09-2016 Page : 13, Col 3-5 Size: 12 Col* Inc

# বিনিয়োগ হবে, চাহিদা বাড়বে

## সিপিডির তাৎক্ষণিক পর্যালোচনা জরিপে ব্যবসায়ীদের মত

নিজস্ব প্রতিবেদক

চলতি অর্থবছরে দেশে বিনিয়োগ সম্ভাবনা নিয়ে আশাবাদী ব্যবসায়ীরা। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) পরিচালিত এক জরিপে অংশ নেওয়া ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর বেশির ভাগ মনে করে, রাজনৈতিক স্থিতিশীলতা, মূল্যস্ফীতি কম থাকা এবং অবকাঠামোর উন্নতি হওয়ায় তারা এ বছর বিনিয়োগ করবে। তা ছাড়া নিজেদের উৎপাদিত পণ্যের চাহিদা বৃদ্ধির সম্ভাবনাও দেখছে তারা।

তবে ব্যবসায়ীরা পুঁজিবাজার নিয়ে হতাশা প্রকাশ করেছেন। তাঁদের মতে, শেয়ারবাজারে সুবিধাভোগী লেনদেন বা ইনসাইডার ট্রেডিং রয়ে গেছে। এ ক্ষেত্রে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (এসইসি) নজরদারি যথেষ্ট নয়।

সিপিডি বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন বা গ্লোবাল কম্পিটিটিভনেস রিপোর্টের (জিসিআর) সঙ্গে গতকাল বুধবার র‍্যাপিড অ্যাসেসমেন্ট সার্ভে বা তাৎক্ষণিক মূল্যায়ন জরিপ শীর্ষক এ জরিপ প্রকাশ করে। জরিপটি করতে ৮৯টি বড় ও মাঝারি ব্যবসাপ্রতিষ্ঠানের মতামত নেওয়া হয়। যাদের বেশির ভাগ দেশীয় মালিকানাধীন এবং ঢাকা ও চট্টগ্রামভিত্তিক। রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম জরিপটি তুলে ধরেন।

জরিপে ব্যবসায়ীদের কাছে মোট ১০টি বিষয়ে মতামত চাওয়া হয়। এর মধ্যে চারটি প্রশ্নে তাঁরা 'ভালো' হিসেবে মত দিয়েছেন। এগুলো হলো পণ্যের চাহিদা বাড়বে কি না, বিনিয়োগ বাড়বে কি না, কেন্দ্রীয় ব্যাংক ২০১৫ সালে ব্যাংক খাতকে ভালোভাবে পর্যবেক্ষণ করেছে কি না এবং এসইজেড বিনিয়োগকারীদের অবকাঠামোর চাহিদা পূরণ করবে কি না।

কর ব্যবস্থার জটিলতা, শেয়ারবাজারে ইনসাইডার ট্রেডিং, এসইসির পর্যবেক্ষণ, ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে অর্থ পাচার, প্রতিষ্ঠানের বিনিয়োগ, যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ১২ দেশের বাণিজ্য চুক্তি ট্রান্স-প্যাসিফিক পার্টনারশিপ (টিপিপি) বাংলাদেশের ওপর নেতিবাচক প্রভাব ফেলবে কি না, এসব বিষয়ে জরিপে অংশগ্রহণকারী বেশির ভাগ ব্যবসাপ্রতিষ্ঠান খারাপ বা মন্দ হিসেবে তাদের মতামত তুলে ধরে।

গোলাম মোয়াজ্জেম এ সময় বলেন, তাৎক্ষণিক পর্যালোচনা জরিপে অংশ নেওয়া ৬০ শতাংশ ব্যবসায়ী চলতি ২০১৬-১৭ অর্থবছরে তাঁদের প্রতিষ্ঠানের বিনিয়োগ নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন। ৬৮ শতাংশ ব্যবসায়ী মনে করেন, বিশেষ অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) বিনিয়োগকারীদের অবকাঠামোর চাহিদা পূরণে সক্ষম হবে। ৫৩ শতাংশ ব্যবসায়ী মনে করছেন, তাঁদের প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের চাহিদা এ বছর বাড়বে। ৪০ থেকে ৫০ শতাংশ প্রতিষ্ঠান ২০১৪ সালের জুলাই থেকে গত ডিসেম্বর সময়ে তাদের উৎপাদন বাড়িয়েছে।

জরিপে ব্যবসায়ীরা আরও উন্নতি চেয়েছেন এমন চারটি ক্ষেত্র হলো করসংক্রান্ত নীতি, মূল্য সংযোজন কর আইন, ভূমি সংস্কার ও কোম্পানি আইন।

ব্যবসায়ীরা কর্মবাজারে আসা নতুন কর্মীদের মধ্যে দক্ষতার ঘাটতি দেখতে পাচ্ছেন বলেও জানান গোলাম মোয়াজ্জেম। তিনি বলেন, ব্যবসায়ীদের মতে নতুনেরা যথেষ্ট কর্মঠ ও কাজের প্রতি সৎ নন। তাঁদের দক্ষতা ও প্রশিক্ষণের অভাব আছে। এ ছাড়া ভাষাজ্ঞান ও প্রতিবেদন লেখায় দক্ষতা, ব্যবস্থাপনা এবং উদ্ভাবনী চিন্তার ক্ষেত্রে তাঁদের ঘাটতি আছে।

আলোকিত বাংলাদেশ
The Daily Alokito Bangladesh
Date:29-09-2016 Page 01, Col 1 Size: 18 Col*Inc

# সক্ষমতায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

● নিজস্ব প্রতিবেদক

বিশ্বব্যাপী প্রতিযোগিতা সক্ষমতার সূচকে বাংলাদেশের এক ধাপ উন্নতি হয়েছে। ১৩৮ দেশের মধ্যে সক্ষমতার সূচকে এখন বাংলাদেশের অবস্থান ১০৬তম। ২০১৫ সালে ১৪০ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭-এ। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) সর্বশেষ প্রকাশিত বিশ্ব সক্ষমতা প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। বুধবার বিশ্বব্যাপী প্রতিবেদনটি প্রকাশ করা হয়। প্রতিবেদনটি তৈরি করতে সহায়তা করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। এ লক্ষ্যে বাণিজ্য পরিবেশ শীর্ষক পৃথক একটি সমীক্ষা চালায় সিপিডি। রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে দুইটি প্রতিবেদনই প্রকাশ

এরপর পৃষ্ঠা ২ কলাম ২

## সক্ষমতায় এক ধাপ

● ১ম পৃষ্ঠার পর

করে সিপিডি। প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, ৭ পয়েন্টের মধ্যে ৩ দশমিক ৮০ পয়েন্ট নিয়ে বাংলাদেশের অবস্থান ১০৬তম। গত বছর বাংলাদেশের অর্জন ছিল ৩ দশমিক ৭৬ পয়েন্ট। এ হিসেবে সূচক ও অবস্থান দুই ক্ষেত্রেই উন্নতি হয়েছে বাংলাদেশের। ৫ দশমিক ৮১ পয়েন্ট নিয়ে তালিকায় শীর্ষে অবস্থান অক্ষুণ্ন রেখেছে সুইজারল্যান্ড। সিঙ্গাপুর ও মার্কিন যুক্তরাষ্ট্র আগের মতোই যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে। তালিকায় চতুর্থ অবস্থানে উঠে এসেছে নেদারল্যান্ডস। ফলে এক ধাপ অবনমনে পঞ্চম অবস্থানে দাঁড়িয়েছে জার্মানির অবস্থান।

সংবাদ সম্মেলনে প্রতিবেদন উপস্থাপন করেন সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। প্রতিবেনের ওপর বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান। এসময় সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও গবেষকরা উপস্থিত ছিলেন। ড. মুস্তাফিজ বলেন, বাংলাদেশে ঘুষ-দুর্নীতি কমেছে। তবে আরও কমাতে হবে। বৈশ্বিক অর্থনৈতিক উন্নয়নের প্রতিযোগিতায় বাংলাদেশ হাঁটছে। কিন্তু অন্যান্য দেশ দৌড়াচ্ছে। যে কারণে বাংলাদেশ পিছিয়ে আছে। তিনি বলেন, দেশের প্রধান সমস্যা অবকাঠামো। রাজনৈতিক নেতা এবং আমলাদের নৈতিক অবস্থান দুর্বল। ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই। প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন কারণে ব্যবসার ব্যয় বাড়ছে। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। ফলে বিনিয়োগও বাড়ছে না।

গোলাম মোয়াজ্জেম বলেন, প্রতিযোগী দেশগুলো বেশি খারাপ করায় বাংলাদেশ এগিয়ে এসেছে। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিক খাতের সুশাসন এবং অবকাঠামো। এর পরেই রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা। এছাড়াও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনও সেসব বিষয়ের ওপর নজর দিতে হবে। এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হয়েছে। তবে সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে অবনমন হয়েছে বাংলাদেশের। স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্যবাজারের দক্ষতা সূচকে অবস্থান আগের মতোই নাজুক।

অবকাঠামোগত দুর্বলতা, দুর্নীতি, ঋণপ্রাপ্তি ও দক্ষ কর্মীর অভাবকেই বাংলাদেশে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন জরিপে অংশ নেয়া ব্যবসায়ীরা। জরিপে অংশ নেয়া ২০ দশমিক ৪০ শতাংশ ব্যবসায়ী দায়ী করছেন অবকাঠামোগত অপ্রতুলতাকে। গত বছরের জরিপে ১৮ দশমিক ৩০ শতাংশ ব্যবসায়ী এ বিষয়টিকে দায়ী করেছিলেন। এবার অবকাঠামো সূচকে বড় অবনতি হয়েছে। সাড়ে ১৬ শতাংশ ব্যবসায়ীর মতে, দুর্নীতি বাংলাদেশে বাণিজ্যের পথে বড় বাধা। গত বছর ১৮ দশমিক ৭০ শতাংশ ব্যবসায়ী দায়ী করেছিলেন দুর্নীতিকে। প্রতিবেদনে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারতের অবস্থান ৩৯তম। ৫৫তম থেকে এক বছরে ১৬ ধাপ উন্নতি হয়েছে ভারতের। ১০০তম থেকে দুই ধাপ উন্নতি করে নেপালের অবস্থান ৯৮তম। ভুটান ১০৫ থেকে ৯৭তম অবস্থানে উঠে এসেছে। ১২৬ থেকে পাকিস্তানের অবস্থান এখন ১২২। তবে শ্রীলঙ্কা ৬৮ থেকে ৭১তম অবস্থানে নেমে গেছে।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ২০০১ সাল থেকে এই প্রতিবেদন তৈরি করে আসছে। সিপিডি বৈশ্বিক এই ফোরামের সহযোগী হিসেবে কাজ করে। প্রতিটি দেশের অবস্থান বিচার করতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজারে দক্ষতা, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার, বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব সূচক বিবেচনা করা হয়ে থাকে। প্রতিবেদন অনুযায়ী প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২তম থেকে ১২৫তম অবস্থানে উঠে এসেছে। সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯তম থেকে নেমে এসেছে ৬৫তম অবস্থানে। বাজার দক্ষতায় ১০১তম থেকে ৯৬তম, শ্রমবাজারের দক্ষতায় ১২১তম থেকে ১২০তম ও আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম অবস্থানে চলে এসেছে।

দৈনিক
আজকালের খবর

Date: 29-09-2016 Page 02 Col 1-2 Size: 8Col*Inc

# অর্থনৈতিক সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

● আজকালের খবর প্রতিবেদক

বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে আগের বছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১০৬। আগের বছরে ১০৭তম অবস্থানে ছিল বাংলাদেশ। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার ওপর জরিপ চালিয়ে প্রতিবেদন প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করেছে সিপিডি। গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলেনায়তনে এই প্রতিবেদন প্রকাশ করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সাংবাদিকদের কাছে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন প্রতিষ্ঠানটির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলেন, বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছর যেসব দেশ শীর্ষ দশের মধ্যে অবস্থান করছিল এ বছরও শীর্ষে রয়েছে সে দেশগুলো। এ সূচকের প্রথম অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড, দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে সিঙ্গাপুর এবং যুক্তরাষ্ট্র। খন্দকার গোলাম মোয়াজ্জেম জানান, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে জার্মানিকে পেছনে ফেলে চতুর্থ স্থান দখল করেছে নেদারল্যান্ড। জার্মানি এখন পঞ্চম স্থানে আছে। এছাড়া ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম এবং ১০ অবস্থানে রয়েছে যথাক্রমে সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং এবং ফিনল্যান্ড। সিপিডির অতিরিক্ত পরিচালক আরো জানান, দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে শ্রীলঙ্কা ছাড়া সবগুলো দেশেরই ইতিবাচক পরিবর্তন হয়েছে। এদের মধ্যে ভারতের অবস্থান সবচেয়ে ভালো। গত বছরের ৫৫তম স্থানে থাকা ভারত ৩৯তম স্থান দখল করেছে। এছাড়া শ্রীলঙ্কা, ভুটান, নেপাল ও পাকিস্তানের অবস্থান যথাক্রমে ৭১, ৯৭, ৯৮ ও ১২২তম। এ সময় আরো উপস্থিত ছিলেন সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তাফিজুর রহমান, সিনিয়র সহকারী গবেষক কিশোর কুমার বাসেক, শিক্ষানবিস গবেষক মনিকা [illegible] প্রমুখ।

আমাদের অর্থনীতি

Date: 29-09-2016 Page 01,Col 6-7 Size:10Col* Inc

# অর্থনীতির সক্ষমতায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

## দক্ষিণ এশিয়ায় বেশি এগিয়েছে ভারত, শেষে পাকিস্তান

**জাফর আহমদ:** বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। তবে দক্ষিণ এশিয়ায় বেশি এগিয়েছে ভারত। সবচেয়ে পিছনে পাকিস্তান। এক সঙ্গে বিশ্বের ১৪০টি দেশের ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিবেদনে এ তথ্য প্রকাশ হয়েছে।

গতকাল বুধবার সিরডাপ মিলনায়তনে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) বাংলাদেশে এ প্রতিবেদন প্রকাশ করে। সংবাদ সম্মেলনে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়, এরপর পৃষ্ঠা ২, কলাম ১

## অর্থনীতির সক্ষমতায়

(প্রথম পৃষ্ঠার পর) ২০১৫-১৬ অর্থবছরে ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর এক ধাপ এগিয়ে ১৪০টি দেশের মধ্যে ১০৬ ধাপে পৌঁছেছে বাংলাদেশ। উপমহাদেশের মধ্যে সবচেয়ে বেশি অগ্রগতি হয়েছে ভারতের। দেশটি গতবছর ছিল ৫৫ ধাপে, এবছর ১৬ ধাপ উন্নতি হয়ে দাঁড়িয়েছে ৩৯ ধাপে। শ্রীলংকার ৬৭ থেকে ৩ ধাপ অবনতি হয়েছে ৭১ পৌঁছেছে। নেপালের ১০০ থেকে ২ ধাপ অগ্রগতি হয়ে ৯৮ ধাপে পৌঁছেছে। ভুটান ১০৫ থেকে ৮ ধাপ অগ্রগতি হয়ে ৯৭ ধাপে। এবং সর্বনিম্নে থাকা পাকিস্তান গত বছর ১২৬ ছিল। এ বছর ৪ ধাপ এগিয়ে ১২২ তম হয়েও দক্ষিণ এশিয়ায় অর্থনৈতিক সক্ষমতায় সবচেয়ে পিছিয়ে রয়েছে। দক্ষিণ এশিয়ায় অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতার বিচারে যথাক্রমে ভারত, শ্রীলংকা, নেপাল, ভুটান, বাংলাদেশ এবং সর্বশেষ অবস্থানে রয়েছে পাকিস্তান। অর্থনীতির প্রতিযোগিতা সক্ষমতায় প্রথম ১০টি দেশ হলো সুইজারল্যান্ড, সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ড, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং এবং ফিনল্যান্ড। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভালো। দেশটির অবস্থান এবার ২৫তম। এ ছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম।

সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে। তিনি বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে।

মোট ১২টি বিষয়ের উপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি এবং বড় ব্যবসা প্রতিষ্ঠানের মতামত নেওয়া হয়েছে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতে উন্নতি হওয়ায় বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। প্রতিবেদনে উল্লেখ করা হয়, বাংলাদেশের প্রাতিষ্ঠানিক খাত, অবকাঠামো, স্বাস্থ্য ও শিক্ষা খাতে উন্নতি হয়েছে। তবে যে হারে উন্নতি হওয়ার প্রয়োজন ছিল সে হারে উন্নতি হয়নি।

সম্পাদনা: দেলওয়ার হোসাইন

আমাদের সময়
Date:29-09-2016 Page 01,Col 4 Size: 11 Col*Inc

# বৈশ্বিক সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক ● বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতার সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১০৬-এ। গত বছর ছিল ১০৭।

গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদনের বরাত দিয়ে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) প্রকাশিত 'গ্লোবাল কম্পিটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭' এবং 'দি বাংলাদেশ বিজনেস এনভায়রনমেন্ট স্টাডি ২০১৬' প্রতিবেদনে এসব তথ্য উঠে আসে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ২০০১ সাল থেকে এ প্রতিবেদন তৈরি করে আসছে। এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

# বৈশ্বিক সক্ষমতা সূচকে

(প্রথম পৃষ্ঠার পর) সিপিডি বৈশ্বিক এই ফোরামে সহযোগী হিসেবে কাজ করে।

এদিকে সক্ষমতা সূচকে এক ধাপ এগোলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে গত বছরের মতোই ৩ দশমিক ৮। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশমিক ৬ এবং ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। চলতি বছরের শুরুতে চালানো জরিপের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা বাংলাদেশে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেন অবকাঠামোগত দুর্বলতা, দুর্নীতি, অভ্যন্তরীণ সুশাসন, নগর পরিকল্পনা, ঋণপ্রাপ্তি ও দক্ষ কর্মীর অভাবকে।

প্রতিবেদনটি উপস্থাপন করেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার মোয়াজ্জেম হোসেন। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন সিপিডির রিসার্চ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমান, সিনিয়র সহকারী গবেষক কিশোর কুমার বাসেক ও শিক্ষানবিস গবেষক মনিকা তাসনিম।

একটি দেশের অবস্থান বিচার করার জন্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজারে দক্ষতা, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার, বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব– এই ১২টি সূচক বিবেচনা করা হয়েছে।

এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে। স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্যবাজারের দক্ষতা সূচকে স্কোর গতবারের সমান।


গতবারের মতো এবারও ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সূচকে শীর্ষ স্থানে রয়েছে সুইজারল্যান্ড, তাদের স্কোর ৫ দশমিক ৮। এর পরই আছে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত ৫৫ থেকে এগিয়ে ৩৯, নেপাল ১০০ থেকে ৯৮, ভুটান ১০৫ থেকে ৯৭, পাকিস্তান ১২৬ থেকে ১২২ নম্বর অবস্থানে উঠে এসেছে। কেবল শ্রীলংকা ৬৮ থেকে পিছিয়ে গেছে ৭১ নম্বরে।

দৈনিক আমার সংবাদ
www.amar-sangbad.com
Date:29-09-2016 Page 01, Col 3-5 Size: 14 Col*Inc

# অর্থনৈতিক সক্ষমতায় এগিয়ে বাংলাদেশ

**নিজস্ব প্রতিবেদক ॥** বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছরের তুলনায় এ বছর এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১০৬, যা আগের বছরে ছিল ১০৭। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিরেদনের বরাত দিয়ে গতকাল রাজধানীর সিরডাপ মিলেনায়তনে এই প্রতিবেদন প্রকাশ করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার উপর জরিপ চালিয়ে প্রতিবেদন প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে সিপিডি। প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, 'বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছর যে সব দেশ শীর্ষ দশের মধ্যে অবস্থান করছিল এ বছরও সেই অবস্থানে রয়েছে সে দেশগুলো। এ সূচকের প্রথম অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড, দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে সিঙ্গাপুর এবং যুক্তরাষ্ট্র। তিনি জানান, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে জার্মানিকে পেছনে ফেলে চতুর্থ স্থান দখল করেছে নেদারল্যান্ড। জার্মানি এখন পঞ্চম স্থানে আছে। এছাড়া ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম এবং ১০ম অবস্থানে রয়েছে যথাক্রমে সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং এবং ফিনল্যান্ড। তিনি আরও জানান, দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে শ্রীলঙ্কা ছাড়া সবগুলো দেশেরই ইতিবাচক পরিবর্তন হয়েছে। এদের মধ্যে ভারতের অবস্থান সবচেয়ে ভালো। এ বছর ভারতের অবস্থান ৩৯,




● এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## অর্থনৈতিক সক্ষমতায়

**প্রথম পৃষ্ঠার পর**

যা গতবছর ছিল ৫৫। এছাড়া শ্রীলঙ্কা, ভুটান, নেপাল ও পাকিস্তানের অবস্থান যথাক্রমে ৭১, ৯৭, ৯৮ ও ১২২তম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিডির রিসার্চ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তাফিজুর রহমান, সিনিয়র সহকারী গবেষক কিশোর কুমার বাসেক, শিক্ষনবীশ গবেষক মনিকা তাসনিম।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
Date 29-09-2016 Page 12, Col 6-7 Size: 16 Col*Inc

# প্রতিযোগিতার সক্ষমতায় এগিয়েছে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১০৭তম অবস্থান থেকে ১০৬তম অবস্থানে উঠে এসেছে বাংলাদেশ। বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ) গতকাল সারা বিশ্বে একযোগে এই সূচক প্রকাশ করেছে। সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে গতবছরের মতোই ৩ দশমিক ৮। বাংলাদেশে এ ফোরামের পক্ষে প্রতিবেদনটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। এ উপলক্ষে গতকাল সিরডাপ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে প্রতিবেদনের বিস্তারিত তুলে ধরেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সিপিডির নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমান। এবার ১৩৮টি দেশের তথ্য নিয়ে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদনের সঙ্গে সঙ্গে ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে একটি জরিপ প্রতিবেদনও তুলে ধরে সিপিডি। এ বছরের শুরুতে এ জরিপ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক অবস্থা, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজারে

**বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদন**

এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

## প্রতিযোগিতার সক্ষমতায়

**[পেছনের পৃষ্ঠার পর]** দক্ষতা, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার, বাজারের সংবেদনশীলতাগুলো সূচক বিবেচনা করে এই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনে ব্যবসায়িক পরিবেশ নিয়ে ব্যবসায়ীদের মতামতের বড় পরিবর্তন আসেনি। এবারও অবকাঠামো দুর্বলতা সবচেয়ে বড় সমস্যা উল্লেখ করেছেন ব্যবসায়ীরা। পাশাপাশি দ্বিতীয় বড় বাধা হিসেবে দেখা হয়েছে দুর্নীতিকে। এর পরেই রয়েছে অর্থায়নের সমস্যা, আমলাতান্ত্রিক দুর্বলতা, কর হার, দক্ষ জনবলের অভাব, নীতি সহায়তার দুর্বলতা, আইনশৃঙ্খলা পরিস্থিতি ইত্যাদি। এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে। আর স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্য বাজারের দক্ষতা সূচকে স্কোর গতবছরের সমান রয়েছে। খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতসহ বেশ কয়েকটি মানদণ্ডে উন্নতি হওয়ায় বাংলাদেশ বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে। তবে আমাদের মতো নিম্নমধ্যম আয়ের দেশের অগ্রগতির তুলনায় পিছিয়ে আছি। এ জন্য আমরা যে হারে এগোচ্ছি, এর গতি আরও বাড়াতে হবে। বাংলাদেশ এগিয়েছে কিন্তু প্রতিযোগী সমকক্ষ অন্যান্য দেশ আরও এগিয়ে গেছে। বাংলাদেশকে পরবর্তী পর্যায় বা মধ্যম আয়ের দেশে যেতে হলে অবকাঠামো বিশেষ করে সমন্বিত যোগাযোগ নেটওয়ার্ক শক্তিশালী, মানব-সম্পদের উন্নয়ন, সুশাসনের জায়গায় ইতিবাচক পরিবর্তন, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং আর্থিক খাতের স্থিতিশীলতার ব্যাপারে আরও নজর দিতে হবে। তিনি বলেন, ব্যবসায়ীরা এবারও দুর্নীতিকে দ্বিতীয় বড় বাধা আকারে দেখছেন। মানসম্পন্ন শিক্ষার মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলার বিষয়ে তেমন অগ্রগতি হয়নি, সুশাসন পরিস্থিতিও সবচেয়ে দুর্বল উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বেশি পরিবর্তন আসেনি, এক্ষেত্রে দুর্বলতা রয়েছে। অর্থনৈতিক অঞ্চল তৈরি এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করেন, অর্থনৈতিক জোন তৈরি হলে এ খাতে বিনিয়োগ বাড়বে। সিপিডির নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান বলেন, আমরা নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে। তবে সূচকটি দুই বছরের গড় হিসেবে করা হয়েছে তাই বড় পরিবর্তন হয়তো লক্ষ্য করা যাচ্ছে না। কিন্তু এ বছর যে পরিবর্তন আমরা দেখছি তাতে আগামী বছর এই সূচকে আরও এগোনোর সম্ভাবনা রয়েছে। গতবারের মতো এবারও বিশ্ব অর্থনৈতিক ফোরামের সূচকে শীর্ষস্থানে রয়েছে সুইজারল্যান্ড, তাদের স্কোর ৫ দশমিক ৮। এরপরই রয়েছে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড। চীন রয়েছে ২৮তম অবস্থানে। আমাদের প্রতিবেশী দেশ ভারত রয়েছে ৩৯তম অবস্থানে। গত বছর ৫৫ থেকে ভারত এই অবস্থানে উঠে এসেছে। ইন্দোনেশিয়া ৩৭ থেকে ৪১তম অবস্থানে নেমে গেছে, নেপাল ১০০ থেকে ৯৮তম অবস্থানে উঠে এসেছে, ভুটান ১০৫ থেকে ৯৭তম অবস্থানে, পাকিস্তান ১২৬ থেকে ১২২তম অবস্থানে উঠে এসেছে। অন্যদিকে শ্রীলঙ্কা ৬৮ থেকে ৭১তম অবস্থানে নেমে গেছে।

সত্যের সন্ধানে প্রতিদিন
বাংলাদেশ সময়
THE DAILY BANGLADESH SHOMOY
Date:29-09-2016 Page 01, Col 1-2 Size 08 *Inc

# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এগিয়েছে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর ১০৬তম অবস্থানে পৌছেছে বাংলাদেশ।

গতকাল বুধবার বিশ্বের ১৩৮টি দেশে এই বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদনটি প্রকাশ করা হয়। গতকাল দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। প্রতিবেদনে জানা গেছে, বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারত এগিয়েছে। দেশটির অবস্থান এ বছর ৩৯তম। গত বছর এই অবস্থান ৫৫তম ছিল। অন্যদিকে, পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে এ বছর ১২২তম অবস্থানে পৌছেছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভালো। দেশটির অবস্থান এবার ২৫তম। এ ছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম। মোট ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ▷ পৃষ্ঠা ২ কলাম ৪ ◁

## বৈশ্বিক প্রতিযোগিতা

৭৯টি মাঝারি এবং বড় ব্যবসা প্রতিষ্ঠানের মতামত নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে। সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে।

ভোরের ডাক
Date:29-09-2016 Page 01, Col 1-2 Size: 17 Col* Inc

# বৈশ্বিক সক্ষমতা সূচকে আরেক ধাপ এগিয়েছে বাংলাদেশ

**অর্থনৈতিক রিপোর্টার :** বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। তবে বিশ্বের অন্যান্য দেশের তুলনায় অভ্যন্তরীণ উন্নতির তেমন কোনো পরিবর্তন লক্ষ করা যায়নি বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সংস্থাটির মতে, অভ্যন্তরীণ সাপেক্ষে সূচকে পরিবর্তন দেখা গেলেও বিশ্বের অন্যান্য মধ্যম আয়ের দেশের তুলনায় তা অত্যন্ত নগণ্য।

গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলেনায়তনে বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার নিরিখে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডবি-উইএফ) বাংলাদেশবিষয়ক প্রতিবেদন প্রকাশকালে এসব কথা জানান হয়।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, আর্থিক খাতে বাংলাদেশ ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। এর থেকে উত্তরণের লক্ষ্যে সামষ্টিক অর্থনীতি এবং দক্ষতা বাড়ানোর দিকে বিশেষ গুরুত্বারোপ করা দরকার। তিনি বলেন, বেসিক সূচকে বাংলাদেশের ইতিবাচক পরিবর্তন হয়েছে। এ ক্ষেত্রে বিশ্বে ১০৫তম অবস্থানে বাংলাদেশ; গত বছর যা ১০৯তম ছিল। এ ছাড়া স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্য বাজারের দক্ষতা সূচকে গতবারের মতোই স্কোর এসেছে। এবার প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে বলে জানান তিনি।

সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তফিজুর রহমান বলেন, একটি দেশের প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজার দক্ষতা, শ্রম বাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার ও সংবেদনশীলতা এবং নতুনত্ব বিবেচনায় এ জরিপ করা হয়। তিনি বলেন, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে এখন বাংলাদেশের অবস্থান ১০৬তম। তবে ২০১৫-১৬ সেশনে ১৪০টি দেশের মধ্যে ১০৭তম স্থানে ছিল বাংলাদেশ।

সিপিডির নির্বাহী পরিচালক বলেন, সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮; গত বছরও একই স্কোর পেয়েছিল বাংলাদেশ। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশকি ৬ এবং ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। তিনি আরো বলেন, অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরো এগোতে হবে। বিশ্বের অন্যান্য দেশ

*এরপর পৃষ্ঠা ২ কলাম ৪*

## বৈশ্বিক সক্ষমতা সূচকে আরেক

**প্রথম পৃষ্ঠার পর :** অর্থনৈতিক সূচকের উন্নয়নে দৌড়াচ্ছে। আর আমরা হেটে হেটে এগিয়ে যাচ্ছি। আসলে আমরা অনেক পিছিয়ে আছি। মোস্তাফিজুর রহমান বলেন, বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে। তবে আরো কমাতে হবে। এদিকে বিশেষ নজর দিলে অর্থনৈতিক, বিনিয়োগ এবং সর্বোপরি বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করবে বাংলাদেশ। খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, সুশাসনের ক্ষেত্রে বাংলাদেশ ইতিবাচক পরিবর্তন করলেও এদিকে আরো গুরুত্ব দেয়া দরকার। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ী-রা এ বিষয়কে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন। তিনি বলেন, প্রযুক্তির দিকে বেশি আগ্রহ দেখাচ্ছে ব্যবসায়ীরা।

ফলে নতুন উদ্যোক্তা এবং ব্যবসায়ীদের মাঝে প্রতিযোগিতা সৃষ্টি হচ্ছে। যা খুবই ইতিবাচক। তবে বড় বড় কোম্পানির নির্ভরতা কমাতে পারছে না তারা। এ বিষয়টি সরকারের বিবেচনায় করা উচিত। সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক বলেন, গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ বেশি পরিবর্তন করতে পারেনি। অর্থাৎ এক্ষেত্রে ব্যর্থ বাংলাদেশ। পরিবেশের নিয়ম-নীতি রক্ষায় মানোন্নয়নের ক্ষেত্রেও বাংলাদেশের দুর্বলতা রয়েছে। এ ক্ষেত্রে অর্থনৈতিক জোন (এলাকা) তৈরি এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে বাংলাদেশের অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করেন, অর্থনৈতিক জোন তৈরি হলে এ খাতে বিনিয়োগ বাড়বে। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) বাংলাদেশে ২০০১ সাল থেকে এই প্রতিবেদন তৈরি করে আসছে। বৈশ্বিক এই ফোরামের সহযোগী হিসেবে কাজ করে বাংলাদেশের সিপিডি।

জনগণের মুখপত্র
ভোরের দর্পণ
Date:29-09-2016 Page 01, Col 2-3 Size: 11 Col*Inc

# সক্ষমতা সূচকে একধাপ এগোল বাংলাদেশ

স্টাফ রিপোর্টার ●

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে আরও এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। বিশ্বের ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১০৬তম। ২০১৫-১৬ অর্থবছরে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭।

বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডবি-উইএফ) গতকাল বিশ্বব্যাপী একযোগেগ্নেগে-াবাল কম্পিটেটিভনেস রিপোর্ট ২০১৬-১৭ প্রতিবেদনটি প্রকাশ করে। ১৯৮৯ সাল থেকে প্রতিবছর এই সূচক প্রকাশ করে আসছে জেনেভাভিত্তিক সংস্থাটি। ডবি-উইএফের পক্ষে দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। অনুষ্ঠানে জানানো হয়, ১২টি বিষয়ে চলতি বছরের শুরুতে চালানো জরিপের ভিত্তিতে এবারের প্রতিবেদনটি তৈরি হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি ও বড় ব্যবসাপ্রতিষ্ঠানের মতামত নেওয়া হয়েছে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতে উন্নতি হওয়ায় বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ।

প্রতিবেদন অনুযায়ী, সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর এবারও গত বছরের (২০১৫-১৬) মতোই ৩ দশমিক ৮। ২০১৪-১৫ ও ২০১৩-১৪ অর্থবছরে এই স্কোর ছিল ৩ দশমিক ৭। আর ২০১২-১৩ অর্থবছরে তা ছিল ৩ দশমিক ৬। প্রতিবেদনে জানা গেছে, দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত ■ এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

## সক্ষমতা সূচকে

(প্রথম পাতার পর)

সূচকের ৫৫তম অবস্থান থেকে এগিয়ে ৩৯তম, নেপাল ১০০ থেকে ৯৮তম, ভুটান ১০৫ থেকে ৯৭তম এবং পাকিস্তান ১২৬তম থেকে ১২২তম অবস্থানে উঠে এসেছে। আর তিন ধাপ নেমে শ্রীলঙ্কার অবস্থান এখন ৭১তম।

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সবচেয়ে ভালো অবস্থা মালয়েশিয়ার। দেশটির অবস্থান এবার ২৫তম। এছাড়া চীন ২৮তম, থাইল্যান্ড ৩৪তম এবং ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম।

এবারও ডবি-উইএফের সূচকের শীর্ষে রয়েছে সুইজারল্যান্ড; দেশটির স্কোর ৫ দশমিক ৮। এরপর রয়েছে যথাক্রমে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং এবং ফিনল্যান্ড।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
Date:29-09-2016 Page: 08, Col 2-4 Size 09 Col*Inc

## গ্লোবাল কমপিটিটিভনেস রিপোর্ট

# বিশ্বে প্রতিযোগিতার সক্ষমতা সূচকে বাংলাদেশের উন্নতি

**কাগজ প্রতিবেদক :** অর্থনীতির বিভিন্ন সূচকে ইতিবাচক অগ্রগতি অব্যাহত রয়েছে বাংলাদেশের। যার প্রমাণস্বরূপ বিশ্বে প্রতিযোগিতার সক্ষমতা সূচকে আরো এক ধাপ উন্নতি হয়েছে বাংলাদেশের। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম বলছে, এবার ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশ রয়েছে ১০৬তম অবস্থানে। আগের বছর দুই ধাপ এগিয়ে বাংলাদেশ ১০৭-এ পৌঁছেছিল।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম 'গ্লোবাল কমপিটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭' শীর্ষক এই প্রতিবেদন গতকাল বুধবার বিশ্বব্যাপী একযোগে প্রকাশ করে। ঢাকায় ফোরামের পক্ষে বাংলাদেশে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম, যেটি দাভোস ফোরাম নামে পরিচিত, ২০০১ সাল থেকে এই প্রতিবেদন তৈরি করে আসছে। সিপিডি বৈশ্বিক এই ফোরামের সহযোগী হিসেবে কাজ করে। সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। এ সময় আরো উপস্থিত ছিলেন সিপিডির ফেলো

➤এরপর-পৃষ্ঠা ৭ কলাম ৬

বণিক বার্তা

Date:29-09-2016 Page 01 Col 2-3 Size: 25 Col*Inc

# প্রতিযোগিতা সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক ■

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বৈশ্বিক সক্ষমতা প্রতিবেদন ২০১৬-১৭-এ ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর এ সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল আনুষ্ঠানিকভাবে এ প্রতিবেদন প্রকাশ করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। বাংলাদেশে গবেষণা ও জরিপ পরিচালনায় ডব্লিউইএফকে সহযোগিতা করছে সিপিডি।

WORLD ECONOMIC FORUM

গ্লোবাল কমপিটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান ও সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট কিশোর কুমার বসাকসহ সংস্থাটির কর্মকর্তারা। প্রতিবেদন উপস্থাপন করেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

ডব্লিউইএফ ২০০১ সাল থেকে এ প্রতিবেদন প্রকাশ করে আসছে। গতকাল বিশ্বব্যাপী একযোগে প্রতিবেদনটি প্রকাশ করা হয়। বাংলাদেশে ডব্লিউইএফের পক্ষে সিপিডি এ প্রতিবেদন প্রকাশ করে। ১২টি স্তম্ভের স্কোরের ভিত্তিতে সামগ্রিকভাবে তালিকা তৈরি করা হয়। এ বছর ৩ দশমিক ৮ স্কোর নিয়ে বাংলাদেশ তালিকার ১০৬তম স্থানে উঠে এসেছে। তবে এখনো দুর্বলতা রয়েছে উদ্ভাবন ও ব্যবসায় কার্যক্রম পরিচালনায় জটিলতা দূরীকরণের ক্ষেত্রে।

চলতি বছরের ১ ফেব্রুয়ারি থেকে ১ মে পর্যন্ত পরিচালিত জরিপের ফলাফলের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। বৈশ্বিক বাণিজ্য বা বিশ্ব অর্থনীতির সঙ্গে সম্পৃক্ততা রয়েছে, দেশের এমন ৮৯ জন ব্যবসায়ী এ জরিপে অংশ নেন। এর মধ্যে রয়েছে— কৃষি, শিল্প, সেবা ও অন্যান্য খাত। গত বছর ৫৬ জন ব্যবসায়ীর মতামতের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছিল।

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এবারো শীর্ষে রয়েছে সুইজারল্যান্ড। টানা অষ্টমবারের মতো শীর্ষস্থান ধরে রাখল দেশটি। এর পরের অবস্থানগুলোয় রয়েছে যথাক্রমে— সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে শীর্ষে রয়েছে ভারত। ৪ দশমিক ৫২ স্কোর নিয়ে দেশটির অবস্থান তালিকার ৩৯তম স্থানে। গত বছর ভারতের অবস্থান ছিল ৫৫তম। এছাড়া নেপাল ১০০ থেকে ৯৮, ভুটান ১০৫ থেকে ৯৭, পাকিস্তান ১২৬ থেকে ১২২তম স্থানে উঠে এসেছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে কেবল শ্রীলংকার অবস্থান আগের চেয়ে পিছিয়েছে। গতবারের ৬৮ থেকে এবার ৭১তম স্থানে নেমে গেছে দেশটি।

তালিকায় বাংলাদেশের অগ্রগতি প্রসঙ্গে খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বাংলাদেশের এ উন্নতি

এরপর » পৃষ্ঠা ৬ কলাম ৪

## প্রতিযোগিতা সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ

১ম পৃষ্ঠার পর

হয়েছে মূলত গত বছরের জানুয়ারি-ডিসেম্বর সময়ে অবকাঠামো, সামষ্টিক অর্থনীতি, সুশাসন ও বাজার ব্যবস্থার উন্নতির কারণে। কিছু কিছু সূচকে ভালো করলেও নিম্ন-মধ্যম আয়ের দেশ থেকে উচ্চ মধ্যম আয়ের দেশে যাওয়ার জন্য অর্থনীতির যে সম্ভাবনা রয়েছে, তার তুলনায় অগ্রগতি আশানুরূপ নয়। এজন্য আর্থিক খাতের দক্ষতা, সুশাসন, অবকাঠামো ও প্রযুক্তিগত উন্নতিতে গুরুত্ব দেয়া প্রয়োজন।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বৈদেশিক বাণিজ্য বা বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এসেছে। তবে বৈশ্বিক অবস্থানের ক্ষেত্রে তেমন কোনো পরিবর্তন হয়নি। বিনিয়োগের বাজারটি কয়েকটি বড় গ্রুপের ওপর নির্ভরশীল। সামগ্রিক প্রতিযোগিতার ক্ষেত্রকে প্রভাবিত করছে এটি। এ থেকে বেরিয়ে আসা প্রয়োজন।

তিনি বলেন, আমাদের তথ্যপ্রযুক্তি খাতে ইতিবাচক পরিবর্তন এসেছে। প্রযুক্তি খাতের নতুন নতুন উদ্ভাবন ব্যবসায়ীদের মধ্যে প্রতিযোগিতা সৃষ্টি করছে। সরকারের আইসিটি-সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নকে ব্যবসায়ীরা ইতিবাচকভাবে নিয়েছেন। তবে ব্যাংকের সক্ষমতার জায়গা আগের তুলনায় পিছিয়েছে। আর্থিক খাতে নিম্ন সারির দেশগুলোর কাতারে অবস্থান করছে বাংলাদেশ।

অনুষ্ঠানে 'বাংলাদেশ বিজনেস এনভায়রনমেন্ট স্টাডি ২০১৬' শীর্ষক আরেকটি প্রতিবেদন প্রকাশ করে সিপিডি। বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকের জরিপে অংশ নেয়া ব্যবসায়ীদের উত্তরের ভিত্তিতেই বাংলাদেশে ব্যবসায় পরিবেশের প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, বিদ্যুৎ পরিস্থিতি ইতিবাচক। তবে কার্যকর যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়নে আরো বিনিয়োগ প্রয়োজন। এছাড়া স্বাস্থ্য খাতের উন্নয়নে আরো বিনিয়োগ ও পর্যটন উন্নয়নে দীর্ঘমেয়াদি পরিকল্পনার দাবি জানিয়েছেন তারা। অনিয়ন্ত্রিত উন্নয়ন অবকাঠামোর মাধ্যমে পরিবেশগত ভারসাম্যহীনতার আশঙ্কা বাড়ছে। এজন্য স্পেশাল ইকোনমিক জোন বাস্তবায়নের বিষয়ে মত দিয়েছেন ব্যবসায়ীরা। তারা মনে করছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দেশ এগিয়ে যাচ্ছে। আগামী দিনে খাতটিকে আরো এগিয়ে নেয়া প্রয়োজন। আর্থিক খাতের দক্ষতা ও উৎকর্ষে বাংলাদেশ নিচের সারির দেশগুলোর দিকে যাচ্ছে বলেও জানিয়েছেন ব্যবসায়ীরা।

দেশে স্নাতক পর্যায়ের শিক্ষিত জনগোষ্ঠী তৈরি হলেও কর্মক্ষেত্রে তাদের দক্ষতার অভাব রয়েছে বলে উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। পাশাপাশি উদ্ভাবনী ক্ষমতারও ঘাটতি রয়েছে এ জনগোষ্ঠীর মধ্যে। ফলে চাকরির বাজারে প্রবেশ করতে পারছে না তারা। এজন্য দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেয়া প্রয়োজন বলে মনে করেন জরিপে অংশগ্রহণকারীরা।

প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের ব্যবসায় পরিচালনায় সবচেয়ে বড় সমস্যা অবকাঠামোর অপ্রতুলতা। গত বছরের প্রতিবেদনে এটিকে দ্বিতীয় শীর্ষ সমস্যা হিসেবে চিহ্নিত করেছিলেন জরিপে অংশ নেয়া ব্যবসায়ীরা। অবকাঠামোগত সমস্যার মধ্যে রয়েছে মৌলিক অবকাঠামো; সড়ক, রেল, বিমান ও নৌ-পরিবহন অবকাঠামো ও সেবা এবং বিদ্যুৎ ও পানি সরবরাহ ব্যবস্থার দুর্বল অবস্থা।

গত বছরের প্রতিবেদনে শীর্ষ সমস্যা হিসেবে চিহ্নিত দুর্নীতি এবার দ্বিতীয় স্থানে নেমে গেছে। এর পরের স্থানগুলোয় রয়েছে— অর্থায়নের সীমাবদ্ধতা, আমলাতান্ত্রিক জটিলতা, শিক্ষিত শ্রমের অপর্যাপ্ততা, উচ্চ করহার, নীতিগত অস্থিতিশীলতা, কর-সংক্রান্ত নীতি, অপরাধ ও চুরি।

অনুষ্ঠানে জানানো হয়, দুর্বল তদারকির কারণে পুঁজিবাজার এখনো উদ্বেগের কারণ হয়ে রয়েছে। পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহের ক্ষেত্রে আগের মতো সুস্থ পরিস্থিতি নেই। এটির নেতিবাচক প্রভাব পড়ছে আর্থিক খাতে। পুঁজিবাজার আগের তুলনায় মন্দা পরিস্থিতির মধ্যে রয়েছে। এ বাজার থেকে মূলধন সংগ্রহে আরো অগ্রগতির প্রয়োজন। দেশের আর্থিক খাতের উন্নয়নের জন্য এসব সমস্যা সমাধানের পাশাপাশি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালী করার পরামর্শ দেয়া হয়েছে।

বৈশ্বিক সমস্যার মধ্যে ব্যবসায়ীরা জ্বালানি সমস্যাকে মারাত্মক ঝুঁকি হিসেবে দেখছেন উল্লেখ করে ড. গোলাম মোয়াজ্জেম বলেন, জ্বালানি মূল্যের ঝুঁকিকে তারা আগামী দিনের জন্য বৈশ্বিক ঝুঁকি হিসেবে বিবেচনা করছেন। অভ্যন্তরীণ সুশাসনের অভাবকেও তারা বৈশ্বিক ঝুঁকি হিসেবে দেখছেন।

দৈনিক
দিনকাল
Date:29-09-2016 Page 01, Col 2-4 Size:20 Col* Inc

# অর্থনৈতিক উন্নয়নে অন্যান্য দেশ দৌড়াচ্ছে হাঁটছে বাংলাদেশ : সিপিডি

দিনকাল রিপোর্ট

বৈশ্বিক অর্থনৈতিক উন্নয়নের প্রতিযোগিতায় বাংলাদেশ হাঁটছে। কিন্তু অন্যান্য দেশ দৌড়াচ্ছে। যে কারণে আমরা পিছিয়ে আছি। গতকাল বুধবার দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে সূচক প্রকাশ অনুষ্ঠানে বেসরকারি গবেষণা সংস্থাটির পক্ষ থেকে এ কথা বলা হয়। অনুষ্ঠানে বক্তৃতা করেন সিডিপির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান। আরও বক্তৃতা করেন সংস্থাটির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। সংবাদ সম্মেলনের আগেই বিশ্বের ১৩৮টি দেশের প্রতিযোগিতা সক্ষমতা সূচক (২০১৬-১৭) ওয়েবসাইটে প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডাব্লিউইএফ)। এতে জানানো হয়, সূচকে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর (২০১৫-১৬) ১৪০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে সিপিডি।

ড. মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশে ঘুষ-দুর্নীতি কমেছে, তবে আরও কমাতে হবে। সূচকে যা এগিয়েছে তা সন্তোষজনক নয়। বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশের একধাপ এগোনো প্রসঙ্গে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) বলেছে, বাংলাদেশ যা এগিয়েছে তা সন্তোষজনক নয়, আরও এগোতে হবে। ঘুষ-দুর্নীতি কমেছে, তবে এটা আরও কমাতে হবে। সিপিডির এ নির্বাহী পরিচালক বলেন, দেশের প্রধান সমস্যা অবকাঠামো। রাজনৈতিক নেতা এবং আমলাদের নৈতিক অবস্থান দুর্বল। ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই। বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে ড. মোস্তাফিজুর রহমান বলেন, ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন কারণে ব্যবসার ব্যয় বাড়ছে। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। ফলে বিনিয়োগও বাড়ছে না। তবু বাংলাদেশের এগিয়ে থাকার বিষয়ে সিপিডির নির্বাহী পরিচালক বলেন, প্রতিযোগী দেশগুলোর আরও বেশি খারাপ পারফরম্যান্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিক খাতের সুশাসন এবং অবকাঠামো। এরপরেই রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা। এছাড়া সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ >পৃ ২ ক ১>

## অর্থনৈতিক উন্নয়নে অন্যান্য দেশ

প্রথম পাতার পর

এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনও যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে, তা হলো প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি। ড. মোস্তাফিজুর রহমান বলেন, পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমা হলেও এখনও সুদের হার সেভাবে কমেনি। সহজে ঋণও পাওয়া যায় না।

সিপিডির বিবেচনায় অন্যান্য সমস্যার মধ্যে রয়েছে– নীতি নির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ করহার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার নীতি, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য।

প্রতিবেদন অনুযায়ী, মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে এসেছে ১২৫-এ, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০ এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। তবে প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষায় গুণগতমানে পিছিয়েছে। অবনতি হয়েছে শেয়ারবাজারেরও। বিশ্ব অর্থনৈতিক ফোরামের বরাত দিয়ে সিপিডি অনুষ্ঠানে উল্লেখ করে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হলো রাজনৈতিক অস্থিরতা। এছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব। সিপিডির মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এছাড়া চ্যালেঞ্জ হতে পারে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়ণের অভাব এবং দেশের মধ্যে অভ্যন্তরীণ সংঘর্ষ। অনুষ্ঠানে পরামর্শ দিয়ে সিপিডির পক্ষ থেকে বলা হয়, বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ নিতে হবে। সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। এছাড়া দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নিতে হবে।

ইনকিলাব
Date: 29-09-2016 Page 01 Col 7-8 Size: 18 Col*Inc

# ঘুষ-দুর্নীতি কমেছে, আরও কমাতে হবে সিপিডি

## প্রতিযোগিতা সক্ষমতায় এগিয়েছে বাংলাদেশ

অর্থনৈতিক রিপোর্টার

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশের একধাপ এগিয়েছে জানিয়ে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) বলেছে, বাংলাদেশ যা এগিয়েছে তা সন্তোষজনক নয়, আরও এগোতে হবে। ঘুষ-দুর্নীতি কমেছে, তবে এটা আরও কমাতে হবে।

গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতার সূচক প্রকাশ উপলক্ষে সংবাদ সম্মেলনে বেসরকারি গবেষণা সংস্থাটির পক্ষ থেকে এসব কথা বলা হয়।

সংবাদ সম্মেলনের আগেই বিশ্বের ১৩৮টি দেশের প্রতিযোগিতা সক্ষমতা সূচক (২০১৬-১৭) ওয়েবসাইটে প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম পৃঃ ৫ কঃ ২

## ঘুষ-দুর্নীতি কমেছে *প্রথম পৃষ্ঠার পর*

(ডব্লিউইএফ)। এতে জানানো হয়, সূচকে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর (২০১৫-১৬) ১৪০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭তম। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে সিপিডি। অনুষ্ঠানে বক্তব্য করেন সিডিপির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান। আরও বক্তৃতা করেন সংস্থাটির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

ড. মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশে ঘুষ-দুর্নীতি কমেছে, তবে আরও কমাতে হবে। সূচকে যা এগিয়েছে তা সন্তোষজনক নয়।

সিপিডির এ নির্বাহী পরিচালক বলেন, বৈশ্বিক অর্থনৈতিক উন্নয়নের প্রতিযোগিতায় বাংলাদেশ হাঁটছে। কিন্তু অন্যান্য দেশ দৌড়াচ্ছে। যে কারণে আমরা পিছিয়ে আছি।

তিনি বলেন, দেশের প্রধান সমস্যা অবকাঠামো। রাজনৈতিক নেতা এবং আমলাদের নৈতিক অবস্থান দুর্বল। ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই।

বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে ড. মোস্তাফিজুর রহমান বলেন, ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন কারণে ব্যবসার ব্যয় বাড়ছে। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। ফলে বিনিয়োগও বাড়ছে না।

তবু বাংলাদেশের এগিয়ে থাকার বিষয়ে সিপিডির নির্বাহী পরিচালক বলেন, প্রতিযোগী দেশগুলোর আরও বেশি খারাপ পারফরম্যান্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিক খাতের সুশাসন এবং অবকাঠামো। এরপরেই রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা। এছাড়াও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনও যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে, তা হল প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি।

ড. মোস্তাফিজ বলেন, পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমা হলেও এখনও সুদের হার সেভাবে কমেনি। সহজে ঋণও পাওয়া যায় না।

সিপিডির বিবেচনায় অন্যান্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে- নীতি নির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার নীতি, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য।

প্রতিবেদন অনুযায়ী, মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে এসেছে ১২৫ এ, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০ এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। তবে প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষায় গুণগতমানে পিছিয়েছে। অবনতি হয়েছে শেয়ারবাজারেও।

বিশ্ব অর্থনৈতিক ফোরামের বরাত দিয়ে সিপিডি অনুষ্ঠানে উল্লেখ করে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এরমধ্যে প্রথম কারণ হল রাজনৈতিক অস্থিরতা। এছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব।

সিপিডির মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এছাড়া চ্যালেঞ্জ হতে পারে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়নের অভাব এবং দেশের মধ্যে আভ্যন্তরীণ সংঘর্ষ।

অনুষ্ঠানে পরামর্শ দিয়ে সিপিডির পক্ষ থেকে বলা হয়, বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ নিতে হবে। সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। এছাড়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নিতে হবে।

দৈনিক ইত্তেফাক

Date:29-09-2016 Page: 01, Col 05 Size: 21.5 Col*Inc

# সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ

## বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদন

■ ইত্তেফাক রিপোর্ট

বৈশ্বিক সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১০৭তম অবস্থান থেকে ১০৬তম অবস্থানে উঠে এসেছে বাংলাদেশ। বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ) গতকাল সারা বিশ্বে একযোগে এই সূচক প্রকাশ করেছে। সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে গত পৃষ্ঠা ১৯ কলাম ৮

## সক্ষমতা সূচকে

প্রথম পৃষ্ঠার পর

বছরের মতোই ৩ দশমিক ৮। বাংলাদেশে এই ফোরামের পক্ষে প্রতিবেদনটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। এ উপলক্ষে গতকাল বুধবার সিরডাপ মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে

প্রতিবেদনের বিস্তারিত তুলে ধরেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সিপিডির নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমান।

এবার ১৩৮টি দেশের তথ্য নিয়ে এই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদনের সাথে সাথে ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে একটি জরিপ প্রতিবেদনও তুলে ধরে সিপিডি। চলতি বছরের শুরুতে এ জরিপ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক অবস্থা, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজারে দক্ষতা, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার, বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব এই ১২টি সূচক বিবেচনা করে এই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনে ব্যবসায়িক পরিবেশ নিয়ে ব্যবসায়ীদের মতামতের বড় পরিবর্তন আসেনি। এবারো অবকাঠামো দুর্বলতা সবচেয়ে বড় সমস্যা হিসাবে উল্লেখ করেছেন ব্যবসায়ীরা। পাশাপাশি দ্বিতীয় বড় বাধা হিসেবে দেখা হয়েছে দুর্নীতিকে। এর পরেই রয়েছে অর্থায়নের সমস্যা, আমলাতান্ত্রিক দুর্বলতা, কর হার, দক্ষ জনবলের অভাব, নীতি সহায়তার দুর্বলতা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি ইত্যাদি।

এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে। আর স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্য বাজারের দক্ষতা সূচকে স্কোর গত বছরের সমান রয়েছে।

খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতসহ বেশ কয়েকটি মানদণ্ডে উন্নতি হওয়ায় বাংলাদেশ বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে। তবে আমাদের মত নিম্ন মধ্যম আয়ের দেশের অগ্রগতির তুলনায় পিছিয়ে আছি। এজন্য আমরা যে হারে এগোচ্ছি, এর গতি আরো বাড়াতে হবে। বাংলাদেশ এগিয়েছে কিন্তু প্রতিযোগী সমকক্ষ অন্যান্য দেশ আরো এগিয়ে গেছে। বাংলাদেশকে পরবর্তী পর্যায় বা মধ্যম আয়ের দেশে যেতে হলে অবকাঠামো বিশেষ করে সমন্বিত যোগাযোগ নেটওয়ার্ক শক্তিশালী, মানবসম্পদের উন্নয়ন, সুশাসনের জায়গায় ইতিবাচক পরিবর্তন, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং আর্থিক খাতের স্থিতিশীলতার ব্যাপারে আরো নজর দিতে হবে।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে তিনি বলেন, ব্যবসায়ীরা এবারো দুর্নীতিকে দ্বিতীয় বড় বাধা আকারে দেখছেন। মানসম্পন্ন শিক্ষার মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলার বিষয়ে তেমন অগ্রগতি হয়নি, সুশাসন পরিস্থিতিও সবচেয়ে দুর্বল উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বেশি পরিবর্তন আসেনি। এক্ষেত্রে দুর্বলতা রয়েছে। অর্থনৈতিক অঞ্চল তৈরি এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে বাংলাদেশের অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করেন, অর্থনৈতিক জোন তৈরি হলে এ খাতে বিনিয়োগ বাড়বে।

সিপিডির নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান বিভিন্ন প্রশ্নের জবাবে বলেন, আমরা এখন নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে। তবে সূচকটি দুই বছরের গড় হিসেবে করা হয়েছে, তাই বড় পরিবর্তন হয়তো লক্ষ্য করা যাচ্ছে না। কিন্তু এবছর যে পরিবর্তন আমরা দেখছি তাতে আগামী বছর এই সূচকে আরো এগুনোর সম্ভাবনা রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

প্রসঙ্গত, গতবারের মতো এবারও বিশ্ব অর্থনৈতিক ফোরামের সূচকে শীর্ষস্থানে রয়েছে সুইজারল্যান্ড, তাদের স্কোর ৫ দশমিক ৮। এরপরই রয়েছে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড। চীন রয়েছে ২৮তম অবস্থানে। আমাদের প্রতিবেশি দেশ ভারত রয়েছে ৩৯তম অবস্থানে। গত বছর ৫৫ থেকে ভারত এই অবস্থানে উঠে এসেছে। ইন্দোনেশিয়া ৩৭ থেকে ৪১তম অবস্থানে নেমে গেছে, নেপাল ১০০ থেকে ৯৮তম অবস্থানে উঠে এসেছে, ভুটান ১০৫ থেকে ৯৭তম অবস্থানে, পাকিস্তান ১২৬ থেকে ১২২তম অবস্থানে উঠে এসেছে। অন্যদিকে শ্রীলংকা ৬৮ থেকে ৭১তম অবস্থানে নেমে গেছে।

যায়যায়দিন
Date:29-09-2016 Page 01, Col 01 Size: 07 col*inc

# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

যাযাদি রিপোর্ট

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর ১০৬তম অবস্থানে পৌঁছেছে বাংলাদেশ।

বুধবার ১৩৮টি দেশে এ বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদনটি প্রকাশ করা হয়। দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)।

প্রতিবেদনে জানা গেছে, বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারত এগিয়েছে। দেশটির অবস্থান এ বছর ৩৯তম। গত বছর এই অবস্থান ৫৫তম ছিল। অন্যদিকে, পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে এ বছর ১২২তম অবস্থানে পৌঁছেছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভালো। দেশটির অবস্থান এবার ২৫তম। এ ছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম।

অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। তিনি বলেন, 'বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে।'

সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, 'আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে।'

মোট ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি এবং বড় ব্যবসাপ্রতিষ্ঠানের মতামত নেয়া হয়েছে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতে উন্নতি হওয়ায় বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ।

জনকণ্ঠ

Date:29-09-2016 Page:20 Col: 7-8 Size: 25 Col*Inc

# অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এক ধাপ এগিয়েছে

**অর্থনৈতিক রিপোর্টার ॥** বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে আগের বছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১০৬। আগের বছরে ১০৭তম অবস্থানে ছিল বাংলাদেশ। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার ওপর জরিপ চালিয়ে প্রতিবেদন প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)। বুধবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে এই প্রতিবেদন প্রকাশ করে বেসরকারী গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সংস্থাটি বলছে, অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরও এগোতে হবে। এজন্য প্রশাসনিক কর্মকাণ্ডে উন্নতি ও দুর্নীতি দূর করারও তাগিদ দেয়া হয়েছে প্রতিবেদনে। দুর্বল মনিটরিংয়ের কারণে পুঁজিবাজারের সার্বিক অবস্থার এখনও উন্নতি হয়নি বলে উদ্বেগ প্রকাশ করেছে সিপিডি।

অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। বক্তব্য রাখেন

## অবস্থান ১০৬ ॥ ডব্লিউইএফ প্রতিবেদন

সিপিডির নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান। উপস্থিত ছিলেন গবেষণা সহযোগী কিশোর কুমার বসাক প্রমুখ। প্রতিবেদনে উল্লেখ করা হয়, বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারত এগিয়েছে। দেশটির অবস্থান এ বছর ৩৯তম। গত বছর এই অবস্থান ৫৫তম ছিল। অন্যদিকে

(১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## অর্থনৈতিক সূচকে

(২০-এর পৃষ্ঠার পর)

পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে এ বছর ১২২তম অবস্থানে পৌছেছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভাল। দেশটির অবস্থান এবার ২৫তম। এছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম। সিপিডির নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান বলেন, আমরা এখন নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে। তিনি বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে। মোট ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি এবং বড় ব্যবসা প্রতিষ্ঠানের মতামত নেয়া হয়েছে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতে উন্নতি হওয়ায় বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ।

প্রতিবেদনে উল্লেখ করা হয়, প্রাতিষ্ঠানিক খাত, অবকাঠামো, স্বাস্থ্য ও শিক্ষা খাতে উন্নতি হয়েছে। তবে যে হারে উন্নতি হওয়ার প্রয়োজন ছিল সে হারে উন্নতি হয়নি। ২০২১ সাল নাগাদ বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ করতে হলে অর্থনীতির বিভিন্ন সূচকে যে হারে উন্নতি হচ্ছে তার গতি বাড়াতে হবে। এর জন্য মানসম্মত বিনিয়োগ এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে। আর উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হলে কারিগরি শিক্ষা এবং কর্মমুখী শিক্ষা ও প্রশিক্ষণে জোর দিতে হবে। দক্ষতা উন্নয়নে যেসব সূচক রয়েছে তার উন্নতির পরামর্শ দেয় সিপিডি।

এ বছর মূল্যস্ফীতি সহনীয় পর্যায়ে রয়েছে বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। পাশাপাশি উৎপাদনও বেড়েছে উল্লেখযোগ্য হারে। উৎপাদন খাতে এসএমই খাতের এখনও উন্নয়ন করার সুযোগ আছে। তবে ব্যাংক সুদ হারও এখনও বেশি রয়েছে বলে উল্লেখ করা হয়। এর ফলে উৎপাদন খরচ বাড়ছে। আর এর প্রভাব পড়ছে প্রতিযোগিতার সক্ষমতার ওপর।

বাংলাদেশে গণমাধ্যমের স্বাধীনতার ওপর সাধারণ মানুষের মাঝে যে ধারণা ছিল তার কোন পরিবর্তন হয়নি বলে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে তুলে ধরা হয়েছে। সর্বশেষ ২০১৬-১৭ অর্থবছরের জরিপে ৫৩ শতাংশের মতে, বাংলাদেশের গণমাধ্যমের স্বাধীনতার অবস্থা 'খারাপ'। এমতাবস্থায় বিশ্বে প্রতিযোগিতায় বাংলাদেশের ব্যবসায় উন্নয়নে স্বাধীন গণমাধ্যম নিশ্চিত করতে হবে রিপোর্টে বলা হয়েছে। বিশ্ব প্রতিযোগিতায় বাংলাদেশের সুশাসন দুর্বল অবস্থানে রয়েছে বলে রিপোর্টে তুলে ধরা হয়েছে। এক্ষেত্রে বিচার প্রক্রিয়ায় সরকারের প্রভাব, জনগণের অর্থের অবৈধ ব্যবহার, কোম্পানির দুর্বল নৈতিকতা, আমদানি-রফতানিতে ঘুষ, কর প্রদানে ঘুষ, বিচারের রায় পেতে ঘুষ প্রদান ইত্যাদি খারাপ অবস্থানে রয়েছে।

অবকাঠামোগত বিষয়ের মধ্যে বাংলাদেশের সাধারণ অবকাঠামো, রাস্তাঘাট ও রেলওয়ে অধিকতর খারাপ অবস্থায় রয়েছে বলে তথ্য প্রকাশ করা হয়। আর এক ধাপ কমে বিমানবন্দর, নৌপথ ও পানি সরবরাহ খারাপ অবস্থায় রয়েছে। বাংলাদেশের ব্যবসায় অবকাঠামোর পরে দ্বিতীয় সমস্যা হিসেবে রয়েছে দুর্নীতি। এরপর রয়েছে- অর্থায়নে সীমাবদ্ধতা, সরকারের আমলাতান্ত্রিক জটিলতা, শিক্ষিত শ্রমের অপর্যাপ্ততা, উচ্চ করহার, নীতি গ্রহণে অস্থিরতা, কর আইনের জটিলতা, অপরাধ ও চুরি ইত্যাদি। প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের ব্যবসায়ীরা মনে করছে অর্থনীতির সবচেয়ে পিছিয়ে থাকা খাত হলো আর্থিক খাত। অনিয়ম, দুর্নীতি এবং সম্প্রতি সংগঠিত বিভিন্ন প্রকার কেলেঙ্কারি আর্থিক খাতকে ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে। উন্নতির হওয়ার বিপরীতে আর্থিক খাতে ধীরে ধীরে নিচে নেমে গেছে। আর ব্যবসার প্রতিযোগিতার সক্ষমতায় প্রভাব ফেলেছে। প্রশাসনিক কর্মকাণ্ডে উন্নতি ও দুর্নীতি দূর করারও তাগিদ দেয়া হয় প্রতিবেদনে।

দুর্বল মনিটরিংয়ের কারণে পুঁজিবাজারের সার্বিক অবস্থার এখনও উন্নতি হয়নি বলে উদ্বেগ প্রকাশ করেছে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। পুঁজিবাজার ইনসাইডার ট্রেডিং দ্বারা নিয়ন্ত্রিত বলে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে তুলে ধরা হয়। এছাড়া পুঁজিবাজারের মাধ্যমে অর্থ উত্তোলন কঠিন হওয়ায় দেশের আর্থিক খাতে নেতিবাচক প্রভাব পড়ছে বলে তথ্যে উল্লেখ জানানো হয়। রিপোর্টে দেশের আর্থিক খাতের উন্নয়নের স্বার্থে এসব সমস্যা সমাধান করা দরকার বলে সুপারিশ করা হয়। একই সঙ্গে এই রিপোর্টে বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালী করার কথা বলা হয়।

দৈনিক জনতা
Date:29-09-2016 Page 01, Col 05 Size: 14 Col*Inc

# বিশ্ব প্রতিযোগিতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ ॥ অভ্যন্তরীণ উন্নতি হলেও তা খুব নগণ্য : সিপিডি

অর্থনৈতিক রিপোর্টার

বিশ্ব প্রতিযোগিতা সূচকে বাংলাদেশ আগের অর্থবছরের তুলনায় ২০১৬-১৭ অর্থবছরে এক ধাপ এগিয়েছে। আগের ১০৭তম র‌্যাংকিং থেকে ১০৬ এ উঠে এসেছে। তবে বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশ এক ধাপ এগোলেও বিশ্বের অন্যান্য দেশের তুলনায় তেমন কোনো পরিবর্তন লক্ষ করা যায়নি বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)।

বেসরকারি গবেষণা সংস্থাটির পক্ষ থেকে আরো বলা হয়েছে, অভ্যন্তরীণ সাপেক্ষে সূচকে পরিবর্তন দেখা গেলেও বিশ্বের অন্যান্য ◀◀২ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলাম দেখুন

## বিশ্ব প্রতিযোগিতা সূচকে

মধ্যম আয়ের দেশের তুলনায় তা অত্যন্ত নগণ্য। গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার নিরিখে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) বাংলাদেশ বিষয়ক প্রতিবেদন প্রকাশকালে এসব কথা জানানো হয়। বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ) বাংলাদেশে ২০০১ সাল থেকে এই প্রতিবেদন তৈরি করে আসছে। বৈশ্বিক এই ফোরামের সহযোগী হিসেবে কাজ করে বাংলাদেশের সিপিডি। বিশ্বের ১৩৮টি দেশ এই সূচকে অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে সবার উপরে রয়েছে সুইজারল্যান্ড। আর সবার নিচে অবস্থান করছে ইয়েমেন। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে ভারত ৩৯তম অবস্থানে রয়েছে। এছাড়া ৭১তম অবস্থানে শ্রীলঙ্কা, ৯৭তম অবস্থানে ভুটান, ৯৮তম নেপাল ও সবচেয়ে নিচে ১২২তম অবস্থানে রয়েছে পাকিস্তান।

প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে সিপিডি'র নির্বাহী পরিচালক প্রফেসর মুস্তাফিজুর রহমান বলেন, একটি দেশের প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজার দক্ষতা, শ্রমবাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার ও সংবেদনশীলতা এবং নতুনত্ব বিবেচনায় এ জরিপ করা হয়। তিনি বলেন, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গতবছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে এখন বাংলাদেশের অবস্থান ১০৬তম। তবে ২০১৫-১৬ সেশনে ১৪০টি দেশের মধ্যে ১০৭তম স্থানে ছিল বাংলাদেশ। তবে সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮। গতবছরও একই স্কোর পেয়েছিল বাংলাদেশ। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশমিক ৬ এবং ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭।

তিনি আরও বলেন, অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরও এগোতে হবে। বিশ্বের অন্যান্য দেশ অর্থনৈতিক সূচকের উন্নয়নে দৌড়াচ্ছে। আর আমরা হেঁটে হেঁটে এগিয়ে যাচ্ছি। আসলে আমরা অনেক পিছিয়ে আছি।

মুস্তাফিজুর রহমান বলেন, বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে। তবে আরও কমাতে হবে। এদিকে বিশেষ নজর দিলে অর্থনৈতিক, বিনিয়োগ এবং সর্বোপরি বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করবে বাংলাদেশ।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডি'র অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, আর্থিক খাতে বাংলাদেশ ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। এর থেকে উত্তরণের লক্ষ্যে সামষ্টিক অর্থনীতি এবং দক্ষতা বাড়ানোর দিকে বিশেষ গুরুত্বারোপ করা দরকার। তিনি বলেন, বেসিক সূচকে বাংলাদেশের ইতিবাচক পরিবর্তন হয়েছে। এক্ষেত্রে বিশ্বে ১০৫তম অবস্থানে বাংলাদেশ, গতবছর যা ১০৯তম ছিল। এছাড়া স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্যবাজারের দক্ষতা সূচকে গতবারের মতোই স্কোর এসেছে। এবার প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে।

গোলাম মোয়াজ্জেম আরো বলেন, সুশাসনের ক্ষেত্রে বাংলাদেশ ইতিবাচক পরিবর্তন করলেও এদিকে আরও গুরুত্ব দেয়া দরকার। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা এ বিষয়কে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন।

তিনি বলেন, প্রযুক্তির দিকে বেশি আগ্রহ দেখাচ্ছে ব্যবসায়ীরা। ফলে নতুন উদ্যোক্তা এবং ব্যবসায়ীদের মাঝে প্রতিযোগিতা সৃষ্টি হচ্ছে যা খুবই ইতিবাচক। তবে বড় বড় কোম্পানির নির্ভরতা কমাতে পারছে না তারা। এ বিষয়টি সরকারের বিবেচনা করা উচিৎ।

সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত এই পরিচালক আরো বলেন, গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ বেশি পরিবর্তন করতে পারেনি। পরিবেশের নিয়ম-নীতি রক্ষায় মানোন্নয়নের ক্ষেত্রেও বাংলাদেশের দুর্বলতা রয়েছে। এক্ষেত্রে অর্থনৈতিক জোন (এলাকা) তৈরি এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে বাংলাদেশের অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করেন, অর্থনৈতিক জোন তৈরি হলে এ খাতে বিনিয়োগ বাড়বে।

দৈনিক জনতা

Date:29-09-2016 Page 08, Col 2-3 Size: 05 Col* Inc




গতকাল রাজধানীর সিরডাপ মিলনাতনে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদন প্রকাশ করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সাংবাদিকদের কাছে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন প্রতিষ্ঠানটির গবেষণা বিভাগের পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম -জনতা

যুগান্তর
Date:29-09-2016 Page 01, Col 2-4 Size: 31.5 Col*Inc

### বিশ্ব অর্থনৈতিক ফোরামের রিপোর্ট

# বাংলাদেশে অর্থনীতির প্রধান সমস্যা দুর্বল অবকাঠামো

**যুগান্তর রিপোর্ট**

- প্রতিযোগিতা সক্ষমতায় ১ ধাপ এগিয়েছে বাংলাদেশ
- উচ্চ সুদের হারে বাড়ছে ব্যয়
- আর্থিক খাতের সক্ষমতা কমছে
- সংবাদপত্রের স্বাধীনতা সীমিত

বাংলাদেশের অর্থনীতিতে ১৬টি মৌলিক সমস্যা রয়েছে। এর মধ্যে প্রধান সমস্যা হল দুর্বল অবকাঠামো। সাম্প্রতিক সময়ে অবকাঠামো খাতে বিনিয়োগে বেড়েছে ঠিক তবে এখনও তা ব্যবসা-বাণিজ্যের জন্য পর্যাপ্ত নয়। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই। ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন বিলের কারণে ব্যবসার ব্যয় বাড়ছে। এছাড়া কয়েকটি গ্রুপের কাছে জিম্মি হয়ে পড়েছে ব্যবসা-বাণিজ্য। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করছে সরকার। ফলে বিনিয়োগও বাড়ছে না। অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা নিয়ে তৈরি বিশ্ব অর্থনৈতিক ফোরামের রিপোর্টে এ তথ্য উঠে এসেছে। 'গ্লোবাল কমপেটিটিভনেস ইনডেক্স ২০১৬-১৭' নামের রিপোর্টটি বুধবার বিশ্বের ১৩৮টি দেশ থেকে একযোগে প্রকাশ করা হয়। ঢাকায় ফোরামের পক্ষে রিপোর্ট প্রকাশ করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। এ উপলক্ষে সিরডাপ মিলনায়তনে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

রিপোর্টে বলা হয়, বিশ্ব অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশ এক ধাপ এগিয়েছে। এবার ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের অর্থবছরে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭তম। অর্থাৎ বাংলাদেশ এক ধাপ এগিয়েছে। রিপোর্ট অনুসারে বাংলাদেশের স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষাতে সন্তোষজনক অগ্রগতি নেই। এছাড়া সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনও যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে তা হল— প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি।

রিপোর্ট অনুসারে প্রতিযোগিতা সক্ষমতায় এবারও প্রথম অবস্থানে সুইজারল্যান্ড। আর সবচেয়ে খারাপ অবস্থানে ইয়ামেন। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্র তার তৃতীয় অবস্থান ধরে রেখেছে। বিশ্ব অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে স্থান পাওয়া প্রথম ১০টি দেশের মধ্যে ইউরোপের ৬টি, এশিয়ার ৩টি এবং আমেরিকার ১টি দেশ রয়েছে। রিপোর্ট তুলে ধরেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খোন্দকার গোলাম মোয়াজ্জেম। এ সময় সংস্থাটির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

বাংলাদেশের অবস্থান : বাংলাদেশ প্রসঙ্গ নিয়ে রিপোর্ট তৈরিতে বাংলাদেশী ৮৯ জন ব্যবসায়ীর মতামত নেয়া হয়। এর মধ্যে ৮০ শতাংশ ব্যবসায়ী মনে করেন বিনিয়োগের প্রধান সমস্যা অবকাঠামো। ব্যবসায়ীরা বলেন, ঘুষ-দুর্নীতি কিছুটা কমলেও এখনও প্রতিযোগী দেশের তুলনায় বাংলাদেশে দুর্নীতি অনেক বেশি। ■ পৃষ্ঠা ১৪ : কলাম ১

# বাংলাদেশে অর্থনীতির প্রধান সমস্যা দুর্বল অবকাঠামো

(১ম পৃষ্ঠার পর)

৬২ শতাংশ ব্যবসায়ী মনে করেন ব্যাংক ঋণ পেতে ঘুষ দিতে হয়। গত বছর যা ছিল ৮৯ শতাংশ। বিভিন্ন কোম্পানির কর প্রদানের ক্ষেত্রে রসিদ ছাড়া টাকা দিতে হয়। অর্থাৎ ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ৬১ শতাংশ ব্যবসায়ীর মত হল— বিচার বিভাগে সরকার হস্তক্ষেপ করছে। এতে ব্যক্তিগতভাবে এবং প্রাতিষ্ঠানিকভাবে বিচার কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। ৬৩ শতাংশ ব্যবসায়ীর মত হল— সরকার ব্যবসা-বাণিজ্যে প্রভাব সৃষ্টি করছে। ৫৩ শতাংশ ব্যবসায়ী মনে করেন, দেশের সংবাদপত্রের স্বাধীনতা সীমিত। গণতন্ত্রকে সংহত করতে এই স্বাধীনতা বাড়াতে হবে। রিপোর্ট অনুসারে বাংলাদেশের সমস্যায় অন্যতম হল আমলাতান্ত্রিক জটিলতা। পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমলেও এখনও সুদের হার ওইভাবে কমেনি। সংস্থাটির বিবেচনায় অন্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে— নীতিনির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার পরিচালনায় কার্যকর নীতির অভাব, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য। তবে এ বছর মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে ১২৫, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০ এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। অন্যদিকে প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষায় গুণগত মানে পিছিয়েছে। রিপোর্টে শেয়ারবাজারের অবনতি হয়েছে বলে উল্লেখ করা হয়েছে।

**টাকা পাচার :** প্রকাশিত রিপোর্ট অনুসারে বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হল রাজনৈতিক অস্থিরতা। এছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব।

**ভবিষ্যৎ চ্যালেঞ্জ :** রিপোর্ট অনুসারে আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে জ্বালানির উচ্চমূল্য। এছাড়া রয়েছে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়ণের অভাব এবং অভ্যন্তরীণ সংঘর্ষ।

**সুপারিশ :** সক্ষমতা বাড়াতে বেশ কিছু সুপারিশ করেছে সিপিডি। এর মধ্যে রয়েছে বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ, সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দেয়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কার।

**যেভাবে রিপোর্ট তৈরি করা হয়েছে :** ১৯৭৯ সাল থেকে এ রিপোর্ট প্রকাশ করে আসছে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম। ২০০১ সালে বাংলাদেশকে অন্তর্ভুক্ত করা হয়। এ হিসাবে বাংলাদেশের জন্য বুধবারের এ রিপোর্টটি ছিল ১৬তম। ২০১৫ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত সময়কালের তথ্যের ওপর সদস্য দেশগুলোর মোট ১৪ হাজার শীর্ষ উদ্যোক্তা ও ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে এ রিপোর্ট তৈরি করা হয়েছে। তবে ব্যবসায়ীরা ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত সময়ের মধ্যে মতামত দিয়েছেন। এক্ষেত্রে বাংলাদেশের মোট ৮৯ জন ব্যবসায়ীর মতামত নেয়া হয়েছে। আগের বছর এই সংখ্যা ছিল ৫৬ জন। এসব ব্যবসায়ীর অবস্থান ঢাকা ও চট্টগ্রামে। এদের প্রতিটি কোম্পানির পরিশোধিত মূলধন ১০ কোটি টাকার ওপরে। এদের কাছ থেকে সুনির্দিষ্ট একটি ফরমেটে কয়েকটি প্রশ্নের উত্তর নেয়া হয়েছে। এর ভিত্তিতেই যাচাই করে তিনটি সূচকের ওপর প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। সূচকগুলো হল মৌলিক সূচক, দক্ষতা এবং উদ্ভাবন ক্ষমতা। এছাড়া আরও ১২টি উপখাতের সূচক বিবেচনায় নেয়া হয়েছে। তবে সিপিডি বলছে, তারা ৩২০ জন ব্যবসায়ীর কাছে মতামত চেয়েছিল।

**শীর্ষ ১০ দেশ :** অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে শীর্ষে অবস্থান করছে সুইজারল্যান্ড। এরপর দ্বিতীয় সিঙ্গাপুর, তৃতীয় মার্কিন যুক্তরাষ্ট্র, চতুর্থ নেদারল্যান্ডস, পঞ্চম জার্মানি, ষষ্ঠ সুইডেন, সপ্তম যুক্তরাজ্য, অষ্টম জাপান, নবম এবং দশম অবস্থানে ফিনল্যান্ড।

**এশিয়ার অবস্থান :** এশিয়ার দেশগুলোর মধ্যে শীর্ষ দশের মধ্যে ৩টি বাদে এগিয়ে রয়েছে তাইওয়ান। এ বছর দেশটি ১৪তম অবস্থানে চলে এসেছে। এছাড়া বরাবরের মতো মালয়েশিয়ার অবস্থান ২৫তম। এরপর চীন ২৮, সৌদি আরব ২৯, থাইল্যান্ড ৩৪ এবং কুয়েত ৩৮। তবে এবার উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে ভারতের। গত বছর দেশটির অবস্থান ছিল ৫৫। এবার ১৬ ধাপ এগিয়ে ৩৯-তে উঠে এসেছে দেশটি। এছাড়া রিপোর্টে ইন্দোনেশিয়ার ৪১, রাশিয়ান ফেডারেশন ৪২, ভিয়েতনাম ৬০, শ্রীলংকা ৭১, ভুটান ৯৭ এবং নেপালের অবস্থান ৯৮। পাকিস্তান ১২৬ থেকে ১২২তম অবস্থানে উন্নীত হয়েছে।

কালের কণ্ঠ
Date:29-09-2016 Page: 04, Col: 1-5 Size: 40 Col*Inc

# প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগোল বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক ▷

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে এবার বাংলাদেশ ১০৬তম স্থানে উঠে এসেছে। গত বছর বাংলাদেশের অবস্থান ছিল ১০৭তম। গতকাল বুধবার 'বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন ২০১৬-১৭' প্রকাশ করে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডাব্লিউইএফ)। বিশ্বের ১৩৮টি দেশ থেকে একযোগে প্রতিবেদনটি প্রকাশ করা হয়।

গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) বাংলাদেশ সম্পর্কিত প্রতিবেদনটি প্রকাশ করেছে। সংস্থাটি বলেছে, নানা সীমাবদ্ধতার পরও অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। এর একটি কারণ হতে পারে, প্রতিযোগী দেশগুলোর আরো বেশি খারাপ পারফরম্যান্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে ৮৯টি মাঝারি ও বড় ব্যবসায়ী প্রতিষ্ঠানের মতামত নিয়ে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে।

মূল প্রতিবেদনটি তুলে ধরেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খোন্দকার গোলাম মোয়াজ্জেম। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থাটির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান। গোলাম মোয়াজ্জেম বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। তবে এগোনোর ক্ষেত্রে যে গতি থাকা দরকার তা নেই। 'আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে'। মোস্তাফিজুর রহমান বলেন, 'আমরা এখন নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় আছি। আমাদের লক্ষ্য হলো উচ্চ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে আমাদের প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে।' ২০০১ সাল থেকে বাংলাদেশকে নিয়ে সক্ষমতা সূচক প্রতিবেদন প্রকাশ করে আসছে ডাব্লিউইএফ। সিপিডি ফোরামের সহযোগী হিসেবে কাজ করে আসছে।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডি বলেছে, দেশের অর্থনীতিতে ১৬টি মৌলিক সমস্যা রয়েছে। এর মধ্যে প্রধান সমস্যা হলো আর্থিক খাতে সুশাসনের অভাব এবং অবকাঠামো দুর্বলতা। সাম্প্রতিক সময়ে অবকাঠামো খাতে বিনিয়োগ বাড়লেও তা এখনো ব্যবসা-বাণিজ্যের জন্য পর্যাপ্ত নয়। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই। এ ক্ষেত্রে ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন উপখাতে ব্যবসার ব্যয় বেড়েছে। ফলে কাঙ্ক্ষিত হারে বিনিয়োগ বাড়ছে না। বড় কয়েকটি গ্রুপের কাছে জিম্মি হয়ে পড়েছে ব্যবসা-বাণিজ্য। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে বলেও অভিমত ব্যক্ত করেছে সিপিডি।

বৈশ্বিক সক্ষমতা সূচক প্রতিবেদন তৈরি করতে গিয়ে একটি দেশের অবস্থান নির্ণয়ের জন্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজারে দক্ষতা, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত উন্নতি, বাজারের আকার; বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব—এই ১২টি সূচক বিবেচনায় নেওয়া হয়। প্রতিবেদন অনুসারে, ১৩৮টি দেশের মধ্যে ২০১৬ সালে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর অর্থাৎ ২০১৫ সালে এই অবস্থান ছিল ১০৭তম। সাত স্কোরের মধ্যে সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে ৩ দশমিক ৮। আগের বছর স্কোর ছিল ৩ দশমিক ৭।




গতকাল বাংলাদেশের প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন প্রকাশ করে সিপিডি

WORLD ECONOMIC FORUM

১৩৮টি দেশের মধ্যে ১০৬তম স্থানে উঠে এসেছে বাংলাদেশ, গত বছর ছিল ১০৭তম

দেশের প্রধান সমস্যা অবকাঠামো দুর্বলতা

প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষায় সন্তোষজনক অগ্রগতি নেই। এ ছাড়া সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনো যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে, সেগুলো হলো—প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি। প্রকাশিত রিপোর্ট অনুসারে, প্রতিযোগিতা সক্ষমতায় এবারও প্রথম অবস্থান ধরে রেখেছে সুইজারল্যান্ড। তাদের স্কোর সাতের মধ্যে ৫ দশমিক ৮। আর সবচেয়ে খারাপ অবস্থানে আছে ইয়ামেন।

প্রতিযোগিতা সক্ষমতার ক্ষেত্রে বাংলাদেশের মোট ১৬টি সমস্যা চিহ্নিত করা হয়েছে। জরিপে মতামত দেওয়া ৮৯ জন ব্যবসায়ীর মধ্যে ৮০ শতাংশ ব্যবসায়ী মনে করেন বাংলাদেশে বিনিয়োগের জন্য প্রধান সমস্যা অবকাঠামো দুর্বলতা। ব্যবসায়ীদের মতে, ঘুষ-দুর্নীতি কিছুটা কমেছে। তবে এখনো প্রতিযোগী দেশের তুলনায় দুর্নীতি অনেক বেশি। ৬২ শতাংশ ব্যবসায়ী মনে করেন ব্যাংকঋণ পেতে ঘুষ দিতে হয়। গত বছর যা ছিল ৮৯ শতাংশ। বিভিন্ন কম্পানির কর প্রদানের ক্ষেত্রে রসিদ ছাড়া টাকা দিতে হয়। অর্থাৎ ঘুষ ছাড়া কর দেওয়া যায় না। ৬১ শতাংশ ব্যবসায়ীর মত হলো—বিচার বিভাগে সরকার হস্তক্ষেপ করছে। এতে ব্যক্তিগতভাবে এবং প্রাতিষ্ঠানিকভাবে বিচার কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। ৬৩ শতাংশ ব্যবসায়ী মনে করেন সরকার ব্যবসা-বাণিজ্যে প্রভাব সৃষ্টি করছে। ৫৩ শতাংশ ব্যবসায়ী মনে করছে, দেশের সংবাদপত্রের স্বাধীনতা সীমিত। গণতন্ত্রকে সুসংহত করতে গণমাধ্যমের স্বাধীনতা বাড়াতে হবে।

প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের অন্যতম সমস্যা হলো আমলাতান্ত্রিক জটিলতা। এখানে পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমা হলেও এখনো সুদের হার সেভাবে কমেনি। সংস্থাটির বিবেচনায় অন্যান্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে—নীতিনির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার পরিচালনায় কার্যকর নীতির অভাব, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে মোস্তাফিজুর রহমান বলেন, ব্যবসায়ীরা প্রথম প্রতিবন্ধকতা হিসেবে অবকাঠামো দুর্বলতাকে উল্লেখ করেছেন। এবারও দুর্নীতিকে দ্বিতীয় বড় বাধা আকারে দেখছেন ব্যবসায়ীরা। তিনি বলেন, মানসম্পন্ন শিক্ষার মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলার বিষয়ে তেমন অগ্রগতি হয়নি, সুশাসন পরিস্থিতিও সবচেয়ে দুর্বল। মোস্তাফিজুর রহমান বলেন, গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বেশি পরিবর্তন আসেনি, এ ক্ষেত্রে দুর্বলতা রয়ে গেছে। তবে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে বাংলাদেশের অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করে, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠিত হলে এ খাতে বিনিয়োগ বাড়বে।

প্রতিবেদন অনুযায়ী ব্যবসায়ীরা বলেছে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হলো রাজনৈতিক অস্থিরতা। এ ছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব। ব্যবসায়ীদের মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এ ছাড়া সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়ণের অভাব এবং অভ্যন্তরীণ সহিংসতাকেও দায়ী করেছেন ব্যবসায়ীরা।

এবারের প্রতিবেদনে শীর্ষ ১০টি দেশের মধ্যে যথাক্রমে রয়েছে সুইজারল্যান্ড, সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান এবং ফিনল্যান্ড। এশিয়ার দেশগুলোর মধ্যে তাইওয়ান ১৪তম অবস্থানে আছে। এ ছাড়া মালয়েশিয়া রয়েছে ২৫তম স্থানে। এরপর চীন ২৮, সৌদি আরব ২৯, থাইল্যান্ড ৩৪ এবং কুয়েত ৩৮তম। তবে এবার উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে ভারতের। গত বছর দেশটির অবস্থান ছিল ৫৫। এবার ১৬ ধাপ এগিয়ে ৩৯তম স্থানে উঠে এসেছে। এ ছাড়া ইন্দোনেশিয়ার অবস্থান ৪১, রাশিয়া ৪২, ভিয়েতনাম ৬০, শ্রীলঙ্কা ৭১, ভুটান ৯৭, নেপাল ৯৮ এবং পাকিস্তান ১২৬ থেকে ১২২তম অবস্থানে উন্নীত হয়েছে।

প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে বেশ কিছু সুপারিশ করেছে সিপিডি। এর মধ্যে রয়েছে বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়ানোর উদ্যোগ, সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দেওয়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কার।

জানা যায়, ১৯৭৯ সাল থেকে এ প্রতিবেদন প্রকাশ করে আসছে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম। ২০০১ সালে বাংলাদেশকে অন্তর্ভুক্ত করা হয়। এ হিসাবে বাংলাদেশের জন্য বুধবারের প্রতিবেদনটি ছিল ১৬তম। ২০১৫ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত সময়কালের তথ্যের ওপর ভিত্তি করে সদস্য দেশগুলোর মোট ১৪ হাজার শীর্ষ উদ্যোক্তা ও ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। তবে ব্যবসায়ীরা ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত সময়ের মধ্যে মতামত দিয়েছেন। এ ক্ষেত্রে বাংলাদেশের মোট ৮৯ জন ব্যবসায়ীর মতামত নেওয়া হয়েছে। আগের বছর এই সংখ্যা ছিল ৫৬ জন। এসব ব্যবসায়ীর মালিকানাধীন ব্যবসায়ীদের অবস্থান ঢাকা ও চট্টগ্রামে। প্রতিটি কম্পানির পরিশোধিত মূলধন ১০ কোটি টাকার ওপরে। ব্যবসায়ীদের সুনির্দিষ্ট একটি ফরমেটে ১২টি বিষয়ে প্রশ্ন করা হয়েছিল

খোলা কাগজ
Date:29-09-2016 Page 01, Col 2-4 Size: 26 Col*Inc

# ব্যবসা-বাণিজ্যের চ্যালেঞ্জ উচ্চ জ্বালানি মূল্য

**সংবাদ সম্মেলনে সিপিডি**

**ঘুষ-দুর্নীতি কমেছে আরো কমাতে হবে**

নিজস্ব প্রতিবেদক ■

আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এ ছাড়া বাংলাদেশের ব্যবসায় অবকাঠামোগত অপর্যাপ্ততা সবচেয়ে বড় সমস্যা বলে তথ্য প্রকাশ করেছে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। আর দুর্নীতি প্রথম অবস্থান থেকে দ্বিতীয় অবস্থানে নেমেছে। এ ছাড়া বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশ এক ধাপ এগোলেও বিশ্বের অন্যান্য দেশের তুলনায় তেমন কোনো পরিবর্তন লক্ষ করা যায়নি বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। বেসরকারি গবেষণা সংস্থাটির পক্ষ থেকে বলা হয়েছে, অভ্যন্তরীণ সূচকে পরিবর্তন দেখা গেলেও বিশ্বের অন্যান্য মধ্যম আয়ের দেশের তুলনায় তা অত্যন্ত নগণ্য। গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলতায়নে এক সংবাদ সম্মেলনে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে এসব তথ্য প্রকাশ করেছে সিপিডি। সংবাদ সম্মেলনে সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মুস্তাফিজুর রহমান, অতিরিক্ত রিসার্চ পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট কিশোর কুমার বশাক, শিক্ষানবিস গবেষক মনিকা তাসনিমসহ অন্যরা উপস্থিত ছিলেন।

অবকাঠামোগত বিষয়ের মধ্যে বাংলাদেশের সাধারণ অবকাঠামো, রাস্তাঘাট ও রেলওয়ে অধিকতর খারাপ অবস্থায় রয়েছে বলে তথ্য প্রকাশ করা হয়। আর একধাপ কমে বিমানবন্দর, নৌপথ ও পানি সরবরাহ খারাপ অবস্থায় রয়েছে। বাংলাদেশের ব্যবসায় অবকাঠামোর পরে দ্বিতীয় সমস্যা হিসেবে রয়েছে দুর্নীতি। এর পরে রয়েছে– অর্থায়নে পৃষ্ঠা ২ কলাম ৪

## ব্যবসা-বাণিজ্যের চ্যালেঞ্জ

প্রথম পৃষ্ঠার পর

সীমাবদ্ধতা, সরকারের আমলাতান্ত্রিক জটিলতা, শিক্ষিত শ্রমের অপর্যাপ্ততা, উচ্চ করহার, নীতি গ্রহণে অস্থিরতা, কর আইনের জটিলতা, অপরাধ ও চুরি ইত্যাদি।

এ ছাড়া বাংলাদেশে গণমাধ্যমের স্বাধীনতার ওপর সাধারণ মানুষের মাঝে যে ধারণা ছিল তার কোনো পরিবর্তন হয়নি বলে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে তুলে ধরা হয়েছে। সর্বশেষ ২০১৬-১৭ অর্থবছরের জরিপে ৫৩ শতাংশের মতে, বাংলাদেশের গণমাধ্যমের স্বাধীনতার অবস্থা খারাপ। এমতাবস্থায় বিশ্বে প্রতিযোগিতায় বাংলাদেশের ব্যবসায় উন্নয়নে স্বাধীন গণমাধ্যম নিশ্চিত করতে হবে বলে রিপোর্টে বলা হয়েছে।

অন্য দিকে, দুর্বল মনিটরিংয়ের কারণে শেয়ারবাজার এখনো উদ্বেগের কারণ হয়ে রয়েছে বলে তথ্য প্রকাশ করেছে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। শেয়ারবাজার ইনসাইডার ট্রেডিং দ্বারা নিয়ন্ত্রিত বলে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে তুলে ধরা হয়। এ ছাড়া শেয়ারবাজারের মাধ্যমে অর্থ উত্তোলন কঠিন হওয়ায় দেশের আর্থিক খাতে নেতিবাচক প্রভাব পড়ছে বলে জানানো হয়।

দেশের আর্থিক খাতের উন্নয়নের স্বার্থে এসব সমস্যা সমাধান করা দরকার বলে সুপারিশ করা হয়। একই সঙ্গে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালী করার কথা বলা হয়।

সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মুস্তাফিজুর রহমান বলেন, একটি দেশের প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজার দক্ষতা, শ্রমবাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার ও সংবেদনশীলতা এবং নতুনত্ব বিবেচনায় এ জরিপ করা হয়।

তিনি বলেন, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে এখন বাংলাদেশের অবস্থান ১০৬তম। তবে ২০১৫-১৬ সেশনে ১৪০টি দেশের মধ্যে ১০৭তম স্থানে ছিল বাংলাদেশ। সিপিডির নির্বাহী পরিচালক বলেন, সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮। গত বছরও একই স্কোর পেয়েছিল বাংলাদেশ। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশকি ৬ এবং ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। তিনি আরো বলেন, অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরো এগোতে হবে। বিশ্বের অন্যান্য দেশ অর্থনৈতিক সূচকের উন্নয়নে দৌড়াচ্ছে। আর আমরা হেঁটে হেঁটে এগিয়ে যাচ্ছি। আসলে আমরা অনেক পিছিয়ে আছি। মুস্তাফিজুর রহমান বলেন, বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে। তবে আরো কমাতে হবে। এদিকে বিশেষ নজর দিলে অর্থনৈতিক, বিনিয়োগ এবং সর্বোপরি বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করবে বাংলাদেশ।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, অর্থিক খাতে বাংলাদেশ ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। এর থেকে উত্তরণের লক্ষ্যে সামষ্টিক অর্থনীতি এবং দক্ষতা বাড়ানোর দিকে বিশেষ গুরুত্বারোপ করে মোয়াজ্জেম বলেন, সুশাসনের ক্ষেত্রে বাংলাদেশ ইতিবাচক পরিবর্তন করলেও এদিকে আরো গুরুত্ব দেওয়া দরকার। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা এ বিষয়কে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন। তিনি বলেন, বিনিয়োগের বাজারটি কতিপয় বড় গ্রুপের ওপর নির্ভরশীল। কিছু সংখ্যক গ্রুপ অব কোম্পানি যদি এ বাজারটিকে নিয়ন্ত্রণ করে তাহলে সামগ্রিক প্রতিযোগিতার জায়গাটি নষ্ট হয়ে যাবে। এ থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। সিপিডির বিবেচনায় অন্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে নীতিনির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার নীতি, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য। বিশ্ব অর্থনৈতিক ফোরামের বরাত দিয়ে সিপিডি অনুষ্ঠানে উল্লেখ করে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হলো রাজনৈতিক অস্থিরতা। এ ছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব। সিপিডির মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এ ছাড়া চ্যালেঞ্জ হতে পারে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়নের অভাব এবং দেশের মধ্যে অভ্যন্তরীণ সংঘর্ষ। অনুষ্ঠানে পরামর্শ দিয়ে সিপিডির পক্ষ থেকে বলা হয়, বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ নিতে হবে। সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। এ ছাড়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নিতে হবে।

মানবজমিন
Date:29-09-2016 Page 01, Col 06 Size: 23.5 Col*Inc



# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতাসূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

অর্থনৈতিক রিপোর্টার: ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতাসূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর ১০৬তম পৃষ্ঠা ১৭ কলাম ১

## বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতাসূচকে

*প্রথম পৃষ্ঠার পর* অবস্থানে পৌছেছে বাংলাদেশ। ১৩৮টি দেশে এই বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদনটি প্রকাশ করে ডব্লিউইএফ। গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সিপিডি সংগঠনটির অংশীদার হিসেবে ২০০১ সাল থেকে বাংলাদেশের প্রতিযোগী সূচকের তথ্য প্রকাশ করে আসছে। সংবাদ সম্মেলনে সিপিডি'র নির্বাহী পরিচালক প্রফেসর মুস্তাফিজুর রহমান ও সিনিয়র রিসার্চ এসোসিয়েট কিশোর কুমার বসাক উপস্থিত ছিলেন। মূল রিপোর্ট তুলে ধরেন সিপিডি'র অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খোন্দকার গোলাম মোয়াজ্জেম। ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে বিশ্বের ১৩৮টি দেশ থেকে একযোগে এ রিপোর্ট প্রকাশ করা হয়। বাংলাদেশের সূচক নির্ণয়ে ২০১৬ সালের ১লা ফেব্রুয়ারি থেকে ১লা মে পর্যন্ত জরিপ করা হয়। সিপিডি বলছে, এত সীমাবদ্ধতার পরও অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগিয়ে বাংলাদেশ। এর একটি কারণ হতে পারে, প্রতিযোগী দেশগুলোর আরো বেশি খারাপ পারফরমেন্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। রিপোর্ট অনুসারে ১৩৮টি দেশের মধ্যে ২০১৫ সালে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর অর্থাৎ ২০১৪ সালে এই অবস্থান ছিল ১০৭তম। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিকখাতের সুশাসন এবং অবকাঠামো। এরপরেই রয়েছে স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা। এছাড়া, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনও যে সব বিষয়ের ওপর নজর দিতে হবে, তা হলো প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি। এক্ষেত্রে বরাবরের মতো এবারও প্রথম অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড। আর সবচেয়ে খারাপ অবস্থানে ইয়েমেন। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্র তার তৃতীয় অবস্থান ধরে রেখেছে। প্রথম ১০টি দেশের মধ্যে ইউরোপের ৬টি, এশিয়ার ৩টি এবং আমেরিকার একটি।

প্রকাশিত রিপোর্ট অনুসারে ব্যবসায়ীরা বলছে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এরমধ্যে প্রথম কারণ হল রাজনৈতিক অস্থিরতা। এছাড়াও রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব। বাংলাদেশের প্রেক্ষাপটে সিপিডি বলেছে, প্রতিযোগিতা সক্ষমতার ক্ষেত্রে বাংলাদেশের মোট ১৬টি সমস্যা চিহ্নিত করা হয়েছে। প্রধান সমস্যা দুর্নীতি। জরিপে মতামত দেয়া ৮৯জন ব্যবসায়ীর মধ্যে ৮০ শতাংশ ব্যবসায়ী মনে করে বিনিয়োগের জন্য প্রধান সমস্যা অবকাঠামো। ব্যবসায়ীদের মতে, ঘুষ দুর্নীতি কিছুটা কমেছে। তবে এখনও প্রতিযোগী দেশের তুলনায় দুর্নীতি অনেক বেশি। ৬২ শতাংশ ব্যবসায়ী মনে করে ব্যাংক ঋণ পেতে ঘুষ দিতে হয়। গত বছর যা ছিল ৮৯ শতাংশ। বিভিন্ন কোম্পানির কর প্রদানের ক্ষেত্রে রশিদ ছাড়া টাকা দিতে হয়। অর্থাৎ ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ফলে সরকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা আরও বাড়াতে হবে। ৬১ শতাংশ ব্যবসায়ীর মত হল বিচার বিভাগে সরকার হস্তক্ষেপ করছে। এতে ব্যক্তিগতভাবে এবং প্রাতিষ্ঠানিকভাবে বিচার কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। ৬৩ শতাংশ ব্যবসায়ীর মত হল সরকার ব্যবসা বাণিজ্যে প্রভাব সৃষ্টি করছে। আর দ্বিতীয়বারের মতো সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে প্রশ্ন তুলেছেন ব্যবসায়ীরা। ৫৩ শতাংশ ব্যবসায়ী মনে করছে, দেশের সংবাদপত্রের স্বাধীনতা সীমিত। বাংলাদেশের সমস্যায় পর্যায়ে ক্রমে রয়েছে আমলাতান্ত্রিক জটিলতা। পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অসল টাকার পাহাড় জমা হলেও এখনও সুদের হার ওইভাবে কমেনি। সহজে ঋণও পাওয়া যায় না। সংস্থাটির বিবেচনায় অন্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে- নীতি নির্ধানণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার নীতি, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাদ্ধতা এবং জনস্বাস্থ্য। তবে এ বছর ১৩৮টি দেশের মধ্যে ২০১৫ সালে বাংলাদেশের অবস্থান ১০৬তম। মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩.৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে এরমধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে ১২৫, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০ এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। তবে প্রাথমিক শিক্ষা এবং উচ্চ শিক্ষায় গুনগতমানে পিছিয়েছে। রিপোর্টে উল্লেখ করা হয়, শেয়ারবাজারের অবনতি হয়েছে। ব্যবসায়ীদের মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এছাড়া রয়েছে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়নের অভাব এবং দেশের মধ্যে আভ্যন্তরীণ সংঘর্ষ। এবারের রিপোর্টে শীর্ষ দশটি দেশের মধ্যে রয়েছে প্রথম রয়েছে সুইজারল্যান্ড, দ্বিতীয় সিঙ্গাপুর, তৃতীয় মার্কিন যুক্তরাষ্ট্র, চতুর্থ নেদারল্যান্ডস, পঞ্চম জামানী, ষষ্ঠ সুইডেন, সপ্তম যুক্তরাজ্য, অস্টম জাপান, নবম এবং দশম অবস্থানে ফিন্ডল্যান্ড। এশিয়ার দেশগুলোর মধ্যে শীর্ষ দশের মধ্যে ৩টি বাদে এগিয়ে রয়েছে তাইওয়ান। এ বছর দেশটি ১৪ তম অবস্থানে চলে এসেছে। এছাড়া বরাবরের মতো মালয়েশিয়ার অবস্থান ২৫তম। এরপর চীন ২৮, সৌদি আরব ২৯, থাইল্যান্ড ৩৪, কুয়েত ৩৮, ভারত ৩৯, ইন্দোনেশিয়া ৪১, রাশিয়ান ফেডারেশন ৪২ এবং ভিয়েতনাম ৬০, শ্রীলংকা ৭১, ভুটান ৯৭, নেপাল ৯৮ এবং পাকিস্তান ১২২তম অবস্থানে রয়েছে। সক্ষমতা বাড়াতে বেশ কিছু সুপারিশ করেছে সিপিডি। এর মধ্যে রয়েছে বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা,বাড়াতে উদ্যোগ, সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দেয়া, দুনীর্তি প্রতিরোধে সবোর্চ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিকখাতেরনহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কার।

গোলাম মোয়াজ্জেম বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে। সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে।

মোট ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি এবং বড় ব্যবসাপ্রতিষ্ঠানের মতামত নেয়া হয়েছে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতে উন্নতি হওয়ায় বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ।

মানবকণ্ঠ

Date: 29-09-2016 Page 1, Col 2-4 Size: 19.5Col* Inc

### বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদন

# বিশ্ব প্রতিযোগিতা সক্ষমতায় একধাপ এগিয়েছে বাংলাদেশ

অর্থনৈতিক প্রতিবেদক

বিশ্ব প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশ আগের অর্থবছরের তুলনায় এক ধাপ এগিয়েছে। আগের ১০৭তম র‍্যাঙ্কিং থেকে ১০৬-এ উঠে এসেছে। বিশ্ব অর্থনৈতিক ফোরাম প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের প্রতিযোগিতা সক্ষমতা সূচকের তথ্য প্রকাশ করে। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) সংগঠনটির অংশীদার হিসেবে ২০০১ সাল থেকে বাংলাদেশের প্রতিযোগিতা সক্ষমতা সূচকের তথ্য প্রকাশ করে আসছে। প্রতিবেদনে সবার ওপরে রয়েছে সুইজারল্যান্ড। আর সবার নিচে অবস্থান করছে ইয়েমেন।

গতকাল রাজধানীর তোপখানা রোডে সিরডাপ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে ২০১৬-১৭ অর্থবছরের এ রিপোর্ট প্রকাশ করে সিপিডি। সংবাদ সম্মেলনে সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মুস্তাফিজুর রহমান, অতিরিক্ত রিসার্চ পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট কিশোর কুমার বশাক প্রমুখ উপস্থিত ছিলেন।

ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে বিশ্বের ১৩৮টি দেশ থেকে একযোগে এ রিপোর্ট প্রকাশ করা হলো। রিপোর্টে দেখা যায়, সার্কভুক্ত দেশগুলোর মধ্যে ভারত ৩৯তম অবস্থানে রয়েছে। এছাড়া ৭১তম অবস্থানে শ্রীলঙ্কা, ৯৭তম অবস্থানে ভুটান, ৯৮তম নেপাল ও সবচেয়ে নিচে ১২২তম অবস্থানে রয়েছে পাকিস্তান। বাংলাদেশের সূচক নির্ণয়ে ২০১৬ সালের ১ ফেব্রুয়ারি থেকে ১ মে পর্যন্ত জরিপ করা হয়। একটি দেশের অবস্থান বিচার করার জন্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজারে দক্ষতা, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, পৃষ্ঠা ২ কলাম ৮

## বিশ্ব প্রতিযোগিতা

প্রথম পৃষ্ঠার পর

প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার; বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব— এই ১২টি সূচক বিবেচনা করা হয়েছে।

সিপিডি বলছে, এত সীমাবদ্ধতার পরও অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগিয়ে বাংলাদেশ। এর একটি কারণ হতে পারে, প্রতিযোগী দেশগুলোর আরো বেশি খারাপ পারফরমেন্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিক খাতের সুশাসন এবং অবকাঠামো। এর পরেই রয়েছে স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা। এছাড়া সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনো যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে, তা হলো প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি। এক্ষেত্রে বরাবরের মতো এবারো প্রথম অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড। আর সবচেয়ে খারাপ অবস্থানে ইয়েমেন। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্র তার তৃতীয় অবস্থান ধরে রেখেছে। প্রথম ১০টি দেশের মধ্যে ইউরোপের ৬টি, এশিয়ার ৩টি এবং আমেরিকার।

প্রকাশিত রিপোর্ট অনুসারে ব্যবসায়ীরা বলেছেন, বেশকিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হলো রাজনৈতিক অস্থিরতা। এছাড়াও রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব।

ব্যবসায়ীদের মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এছাড়া রয়েছে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়নের অভাব এবং দেশের মধ্যে অভ্যন্তরীণ সংঘর্ষ।

এবারের রিপোর্টে শীর্ষ দশটি দেশের মধ্যে রয়েছে প্রথম রয়েছে সুইজারল্যান্ড, দ্বিতীয় সিঙ্গাপুর, তৃতীয় মার্কিন যুক্তরাষ্ট্র, চতুর্থ নেদারল্যান্ডস, পঞ্চম জার্মানি, ষষ্ঠ সুইডেন, সপ্তম যুক্তরাজ্য, অষ্টম জাপান, নবম এবং দশম অবস্থানে ফিন্ডল্যান্ড।

এশিয়ার দেশগুলোর মধ্যে শীর্ষ দশের মধ্যে ৩টি বাদে এগিয়ে রয়েছে তাইওয়ান। এ বছর দেশটি ১৪তম অবস্থানে চলে এসেছে। এছাড়া বরাবরের মতো মালয়েশিয়ার অবস্থান ২৫তম। এরপর চীন ২৮, সৌদি আরব ২৯, থাইল্যান্ড ৩৪, কুয়েত ৩৮, ভারত ৩৯, ইন্দোনেশিয়া ৪১, রাশিয়ান ফেডারেশন ৪২ এবং ভিয়েতনাম ৬০, শ্রীলংকা ৭১, ভুটান ৯৭, নেপাল ৯৮ এবং পাকিস্তান ১২২তম অবস্থানে রয়েছে।

সক্ষমতা বাড়াতে বেশকিছু সুপারিশ করেছে সিপিডি। এর মধ্যে রয়েছে বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ, সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দেয়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতেরসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কার।

নয়া দিগন্ত
Date:29-09-2016 Page 1 Col 5 Size: 20 Col*Inc

# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ

● অর্থনৈতিক প্রতিবেদক

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গতবারের চেয়ে একধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫ সালে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশের অবস্থান ১৩৮টি দেশের মধ্যে ১০৬তম। ২০১৪ সালে এ অবস্থান ছিল ১০৭তম। একই সময়ে সার্কভুক্ত অন্য দেশগুলোর অগ্রগতি তুলনামূলকভাবে আরো ভালো। ভারত আগের বছরের ৫৫তম অবস্থান থেকে উঠে এসেছে ৩৯তম অবস্থানে। ভুটান ১০৫তম স্থান থেকে ৯৭তম স্থানে, নেপাল ১০০তম স্থান থেকে ৯৮তম অবস্থানে এবং পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে ১২২তম অবস্থানে পৌঁছে। তবে শ্রীলঙ্কা তিন ধাপ পিছিয়ে ৭১তম অবস্থানে নেমে গেছে।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এ বছর সারা বিশ্বের ১৩৮টি দেশের ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে এ জরিপ চালায়। গতকাল বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এ রিপোর্ট প্রকাশ করা হয়। রাজধানীর সিরডাপ মিলনায়তনে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) সাংবাদিকদের সামনে এ রিপোর্ট প্রকাশ করেন। দেশের ৮৯টি প্রতিষ্ঠানের মতামতের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়। ১২টি নির্দিষ্ট বিষয়ের ■ ২য় পৃঃ ৭-এর কলামে




সিরডাপ মিলনায়তনে গতকাল বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচক প্রতিবেদন প্রকাশ উপলক্ষে সিপিডির অনুষ্ঠানে অতিথিরা ■ নয়া দিগন্ত

# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা

*১ম পৃষ্ঠার পর*

ওপর ভিত্তি করে তৈরি হয় এ প্রতিবেদন।

প্রকাশিত রিপোর্ট অনুসারে প্রতিযোগিতা সক্ষমতায় এবারও প্রথম অবস্থানে সুইজারল্যান্ড। আর সবচেয়ে খারাপ অবস্থানে ইয়েমেন। অন্য দিকে মার্কিন যুক্তরাষ্ট্র তার তৃতীয় অবস্থান ধরে রেখেছে। প্রথম ১০টি দেশের মধ্যে ইউরোপের ৬টি, এশিয়ার ৩টি এবং ১টি আমেরিকার। মূল রিপোর্ট তুলে ধরেন সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খোন্দকার গোলাম মোয়াজ্জেম। এ সময় উপস্থিত ছিলেন সংস্থাটির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান।

প্রতিবেদনে সক্ষমতা অর্জনের ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে উঠে আসে যোগাযোগ ও অবকাঠামোগত উন্নয়ন। ব্যবসায়ীদের দৃষ্টিতে এটাই এখন সবচেয়ে বড় প্রতিবন্ধকতা। গত বছর প্রধান প্রতিবন্ধকতা ছিল দুর্নীতি। এবার তা নেমে আসে ২ নম্বরে। এর বাইরে রয়েছে আর্থিক খাতে শৃঙ্খলা উৎকর্ষতায় ক্রমান্বয়ে পিছিয়ে যাওয়া, সুদের হার সহনীয় পর্যায়ে নেমে না আসায় ব্যবসায় ব্যয় বৃদ্ধি, দক্ষ জনশক্তির অভাব, শিক্ষা ও স্বাস্থ্য খাতে আশাব্যঞ্জক উন্নতি না হওয়া। এ ছাড়া যথাযথ তদারকির অভাবে পুঁজিবাজার স্বাভাবিক গতি ফিরে না পাওয়ায় মূলধন সংগ্রহে কাঙ্ক্ষিত ভূমিকা রাখতে পারছে না।

প্রতিবেদনে কিছু কিছু ক্ষেত্রে অর্জনের কথাও উঠে এসেছে। যার ফলে সক্ষমতায় একধাপ এগিয়েছে বাংলাদেশ। এর মধ্যে রয়েছে তথ্যপ্রযুক্তির ব্যবহারে আগের বছরের তুলনায় এগিয়েছে দেশ।

**বাংলাদেশের অবস্থান :** প্রতিযোগিতা সক্ষমতার ক্ষেত্রে বাংলাদেশের ১৬টি সমস্যা চিহ্নিত করা হয়েছে। জরিপে মতামত দেয়া ৮৯জন ব্যবসায়ীর মধ্যে ৮০ শতাংশ ব্যবসায়ী মনে করেন বিনিয়োগের জন্য প্রধান সমস্যা অবকাঠামো। ব্যবসায়ীদের মতে, ঘুষ দুর্নীতি কিছুটা কমেছে। তবে এখনও প্রতিযোগী দেশের তুলনায় দুর্নীতি অনেক বেশি। আর এবারও সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে প্রশ্ন তুলেছেন ব্যবসায়ীরা। ৫৩ শতাংশ ব্যবসায়ী মনে করছেন, দেশের সংবাদপত্রের স্বাধীনতা সীমিত। গণতন্ত্রকে সংহত করতে এই স্বাধীনতা বাড়াতে হবে। রিপোর্ট অনুসারে বাংলাদেশের সমস্যার অন্যতম হলো আমলাতান্ত্রিক জটিলতা। পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমা হলেও এখনো সুদের হার ওইভাবে কমেনি। সংস্থাটির বিবেচনায় অন্যান্য সমস্যার মধ্যে রয়েছে– নীতিনির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার পরিচালনায় কার্যকর নীতির অভাব, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য। তবে এ বছর মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে ১২৫, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০, এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। অন্য দিকে প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষায় গুণগতমানে পিছিয়েছে। রিপোর্টে উল্লেখ করা হয়, মনিটরিংয়ের অভাবে শেয়ারবাজারের অবনতি হয়েছে।

**শীর্ষ ১০টি দেশ :** এবারের রিপোর্টে শীর্ষ দশটি দেশের মধ্যে প্রথম রয়েছে- সুইজারল্যান্ড, দ্বিতীয় সিঙ্গাপুর, তৃতীয় মার্কিন যুক্তরাষ্ট্র, চতুর্থ নেদারল্যান্ডস, পঞ্চম জার্মানি, ষষ্ঠ সুইডেন, সপ্তম যুক্তরাজ্য, অষ্টম জাপান, নবম ও দশম অবস্থানে ফিনল্যান্ড।

প্রতিদিনের সংবাদ
Date:29-09-2016 Page 01, Col 1 Size: 10.5 Col*Inc

# সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ

● নিজস্ব প্রতিবেদক

বিশ্বে প্রতিযোগিতার সক্ষমতা সূচকে বাংলাদেশকে আরো এক ধাপ এগিয়ে এনেছে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম। তাদের

■ এরপর পৃষ্ঠা ২ কলাম ২

## সক্ষমতা সূচকে এক ধাপ

■ প্রথম পৃষ্ঠার পর

'গ্লোবাল কমপেটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭' বলছে, এবার ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশ রয়েছে ১০৬তম অবস্থানে। আগের বছর দুই ধাপ এগিয়ে বাংলাদেশ ১০৭ এ পৌছেছিল। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম গতকাল বুধবার বিশ্বব্যাপী একযোগে এই প্রতিবেদন প্রকাশ করে। ঢাকায় ফোরামের পক্ষে বাংলাদেশে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম, যেটি দাভোস ফোরাম নামে পরিচিত, ২০০১ সাল থেকে এই প্রতিবেদন তৈরি করে আসছে। সিপিডি বৈশ্বিক এই ফোরামের সহযোগী হিসেবে কাজ করে।

চলতি বছরের শুরুতে চালানো জরিপের ভিত্তিতে তৈরি করা হয়েছে এই প্রতিবেদন। একটি দেশের অবস্থান বিচার করার জন?্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ?্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজারে দক্ষতা, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার; বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব-এই ১২টি সূচক বিবেচনা করা হয়েছে। সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে গত বছরের মতোই, ৩ দশমিক ৮। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশমিক ৬; আর ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে। আর স্বাস্থ?্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্যবাজারের দক্ষতা সূচকে স্কোর হয়েছে গতবারের সমান। অবকাঠামোগত দুর্বলতা, দুর্নীতি, ঋণপ্রাপ্তি ও দক্ষ কর্মীর অভাবকেই বাংলাদেশে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন জরিপে অংশগ্রহণকারী ব?্যবসায়ীরা। গতবারের মতো এবারো ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সূচকে শীর্ষস্থানে রয়েছে সুইজারল্যান্ড, তাদের স্কোর ৫ দশমিক ৮। এরপরই রয়েছে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত সূচকের ৫৫তম অবস্থান থেকে এগিয়ে ৩৯, নেপাল ১০০ থেকে ৯৮, ভুটান ১০৫ থেকে ৯৭, পাকিস্তান ১২৬ থেকে ১২২ নম্বর অবস্থানে উঠে এসেছে। কেবল শ্রীলংকা ৬৮ থেকে পিছিয়ে গেছে ৭১ নম্বর অবস্থানে।

প্রতিদিনের সংবাদ
Date:29-09-2016 Page 10, Col 3-5 Size: 10.5 Col*Inc

# অর্থনৈতিক উন্নতি হলেও তা খুব নগণ্য : সিপিডি

অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরো এগোতে হবে

● নিজস্ব প্রতিবেদক

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশ এক ধাপ এগোলেও বিশ্বের অন্যান্য দেশের তুলনায় তেমন কোনো পরিবর্তন লক্ষ করা যায়নি বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। বেসরকারি গবেষণা সংস্থাটির পক্ষ থেকে বলা হয়েছে, অভ্যন্তরীণ স্বাপেক্ষে সূচকে পরিবর্তন দেখা গেলেও বিশ্বের অন্যান্য মধ্যম আয়ের দেশের তুলনায় তা অত্যন্ত নগণ্য। গতকাল বুধবার রাজধানীর সিরডাপ মিলেনায়তনে বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার নিরিখে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) বাংলাদেশ বিষয়ক প্রতিবেদন প্রকাশকালে এসব কথা জানান হয়। সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তফিজুর রহমান বলেন, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছরের তুলনায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৮টি দেশের মধ্যে এখন বাংলাদেশের অবস্থান ১০৬তম। তিনি বলেন, সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮; গত বছরও একই স্কোর পেয়েছিল বাংলাদেশ। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশকি ৬ এবং ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। তিনি আরও বলেন, অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরও এগোতে হবে। বিশ্বের অন্যান্য দেশ অর্থনৈতিক সূচকের উন্নয়নে দৌড়াচ্ছে। আর আমরা হেঁটে হেঁটে এগিয়ে যাচ্ছি। আসলে আমরা অনেক পিছিয়ে আছি। বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে; তবে আরও কমাতে হবে।

সংবাদ

Date: 29-09-2016 Page 01 Col 6 Size 21 Col*Inc

# প্রতিযোগিতা সক্ষমতায় আরেক ধাপ অগ্রগতি

নিজস্ব বার্তা পরিবেশক

বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতায় এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৫-১৬ অর্থবছরে ১৪০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর ১০৬তম অবস্থানে পৌঁছেছে বাংলাদেশ। তবে বিশ্বের অন্য দেশের তুলনায় তেমন কোন পরিবর্তন লক্ষ্য করা যায়নি বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সংস্থাটির পক্ষ থেকে বলা হয়েছে, অভ্যন্তরীণ সূচকে পরিবর্তন দেখা গেলেও প্রতিযোগিতা : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## প্রতিযোগিতা : সক্ষমতায়

(১ম পৃষ্ঠার পর)

বিশ্বের অন্য মধ্যম আয়ের দেশের তুলনায় তা অত্যন্ত নগণ্য। অবকাঠামোগত দুর্বলতা, দুর্নীতি, ঋণপ্রাপ্তি ও দক্ষ কর্মীর অভাবকেই বাংলাদেশে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করা হয়েছে জরিপে।

গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদন প্রকাশ করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)। সাংবাদিকদের কাছে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন প্রতিষ্ঠানটির গবেষণা বিভাগের অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। এ সময় আরও উপস্থিত ছিলেন সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তাফিজুর রহমান, সিনিয়র সহকারী গবেষক কিশোর কুমার বাসেক, শিক্ষনবিশ গবেষক মনিকা তাসনিম প্রমুখ।

সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান বলেন, আমরা এখন নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে। বাংলাদেশকে বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা আরও জোরদার করতে হলে উৎপাদনের উপকরণ নির্ভরশীল অর্থনীতি থেকে বেরিয়ে এসে উৎপাদনশীলতার ওপর নির্ভরশীল অর্থনীতিতে যেতে হবে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮; গত বছরও একই স্কোর পেয়েছিল বাংলাদেশ। অর্থনৈতিক সূচকে বাংলাদেশ এগিয়েছে। তবে বৈশ্বিক তুলনায় তা সন্তোষজনক নয়। মধ্যম আয়ের দেশের তালিকায় আসতে হলে আরও এগোতে হবে। বিশ্বের অন্যান্য দেশ অর্থনৈতিক সূচকের উন্নয়নে দৌড়াচ্ছে। আর আমরা হেঁটে হেঁটে এগিয়ে যাচ্ছি। আসলে আমরা অনেক পিছিয়ে আছি। বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে; তবে আরও কমাতে হবে। এদিকে বিশেষ নজর দিলে অর্থনৈতিক, বিনিয়োগ এবং সর্বোপরি বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করবে বাংলাদেশ।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে সিপিডির অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও অবকাঠামো খাতসহ বেশ কয়েকটি মানদণ্ডে উন্নতি হওয়ায় বাংলাদেশ বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে। তবে আমাদের মতো নিম্ন মধ্যম আয়ের দেশের অগ্রগতির তুলনায় পিছিয়ে আছি। এজন্য আমরা যে হারে এগোচ্ছি, এর গতি আরও বাড়াতে হবে। আর্থিক খাতে বাংলাদেশ ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। এর থেকে উত্তরণের লক্ষ্যে সামষ্টিক অর্থনীতি এবং দক্ষতা বাড়ানোর দিকে বিশেষ গুরুত্বারোপ করা দরকার। বেসিক সূচকে বাংলাদেশের ইতিবাচক পরিবর্তন হয়েছে। এ ক্ষেত্রে বিশ্বে ১০৫তম অবস্থানে বাংলাদেশ; গত বছর যা ১০৯তম ছিল। এছাড়া স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্য বাজারের দক্ষতা সূচকে গতবারের মতোই স্কোর এসেছে। এবার প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রম বাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে বলে জানান তিনি।

খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, সুশাসনের ক্ষেত্রে বাংলাদেশ ইতিবাচক পরিবর্তন করলেও এদিকে আরও গুরুত্ব দেয়া দরকার। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা এ বিষয়কে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন। এছাড়া প্রযুক্তির দিকে বেশি আগ্রহ দেখাচ্ছে ব্যবসায়ীরা। ফলে নতুন উদ্যোক্তা এবং ব্যবসায়ীদের মাঝে প্রতিযোগিতা সৃষ্টি হচ্ছে। যা খুবই ইতিবাচক। তবে বড় বড় কোম্পানির নির্ভরতা কমাতে পারছে না তারা। এ বিষয়টি সরকারের বিবেচনা করা উচিত।

সিপিডির অতিরিক্ত পরিচালক বলেন, গণমাধ্যমের সম্পূর্ণ স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ বেশি পরিবর্তন করতে পারেনি। অর্থাৎ এক্ষেত্রে ব্যর্থ বাংলাদেশ। পরিবেশের নিয়মনীতি রক্ষায় মানোন্নয়নের ক্ষেত্রেও বাংলাদেশের দুর্বলতা রয়েছে। এক্ষেত্রে অর্থনৈতিক জোন (এলাকা) তৈরি এবং পরিবেশের মান বজায় রাখতে পারলে বাংলাদেশের অর্থনৈতিক খাতে ব্যাপক পরিবর্তন আসবে। দেশের ৬০ শতাংশ ব্যবসায়ী মনে করেন, অর্থনৈতিক জোন তৈরি হলে এ খাতে বিনিয়োগ বাড়বে।

প্রতিবেদনে ব্যবসায়ীদের মতামত তুলে ধরে তিনি বলেন, বাংলাদেশকে পরবর্তী পর্যায় বা মধ্যম আয়ের দেশে যেতে হলে অবকাঠামো বিশেষ করে সমন্বিত যোগাযোগ নেটওয়ার্ক শক্তিশালী, মানবসম্পদের উন্নয়ন, সুশাসনের জায়গায় ইতিবাচক পরিবর্তন, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং আর্থিক খাতের স্থিতিশীলতার ব্যাপারে আরও নজর দিতে হবে।

দৈনিক সংগ্রাম
Date:29-09-2016 Page 01, Col 2-5 Size: 27 Col* Inc

### ডব্লিউইএফ প্রতিবেদন প্রকাশ করলো সিপিডি

# আগামীতে ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ উচ্চ জ্বালানি মূল্য সুশাসন ও অবকাঠামো

**স্টাফ রিপোর্টার :** আগামীতে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য উচ্চ জ্বালানি মূল্য, সুশাসন ও অবকাঠামো চ্যালেঞ্জ হবে বলে মনে করছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। এছাড়া বৈশ্বিক অর্থনৈতিক উন্নয়নের প্রতিযোগিতায় বাংলাদেশ হাঁটছে। কিন্তু অন্যান্য দেশ দৌড়াচ্ছে। যে কারণে আমরা পিছিয়ে আছি।

গতকাল বুধবার দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদন ২০১৬-১৭' এবং 'বাংলাদেশ ব্যবসায় পরিবেশ সমীক্ষা-২০১৬' প্রকাশ উপলক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে সিপিডি'র পক্ষ থেকে এ মন্তব্য করা হয়। অনুষ্ঠানে প্রতিবেদন উপস্থাপন করেন সংস্থাটির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। আরো বক্তৃতা করেন সিপিডি'র নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থাটির পরিচালক (ডায়ালগ এন্ড কমিউনিকেশন ডিভিশন) আনিসাতুল ফাতেমা ইউসুফ, সিনিয়র সহকারী গবেষক কিশোর কুমার বাসেক, শিক্ষানবিশ গবেষক মনিকা তাসনিম প্রমুখ।

সাংবাদিক সম্মেলনের আগেই বিশ্বের ১৩৮টি দেশের প্রতিযোগিতা সক্ষমতা সূচক (২০১৬-১৭) ওয়েবসাইটে প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)। এতে জানানো হয় সূচকে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর (২০১৫-১৬) ১৪০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে সিপিডি।

ড. মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশে ঘুষ-দুর্নীতি কমেছে, তবে আরও কমাতে হবে। সূচকে যা এগিয়েছে তা সন্তোষজনক নয়। তিনি বলেন, দেশের প্রধান সমস্যা অবকাঠামো। রাজনৈতিক নেতা এবং আমলাদের নৈতিক অবস্থান দুর্বল। ঘুষ ছাড়া কর দেয়া যায় না। ব্যবসার ক্ষেত্রে পুঁজির সহজলভ্যতা নেই। তিনি বলেন, আমরা এখন নিম্নমধ্যম আয়ের দেশ হিসেবে আছি। আমাদের লক্ষ্য, উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া। এ ক্ষেত্রে প্রতিযোগিতার সক্ষমতা বাড়াতে হবে।

বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে ড. মোস্তাফিজুর রহমান বলেন, ঋণের উচ্চ সুদ এবং বিভিন্ন কারণে ব্যবসার ব্যয় বাড়ছে। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। ফলে বিনিয়োগও বাড়ছে না।

তবু বাংলাদেশের এগিয়ে থাকার বিষয়ে সিপিডির নির্বাহী পরিচালক বলেন, প্রতিযোগী দেশগুলোর আরো বেশি খারাপ পারফরম্যান্সের কারণে বাংলাদেশ এগিয়ে এসেছে। দেশের সবচেয়ে বড় সমস্যা আর্থিক খাতের সুশাসন এবং অবকাঠামো। এরপরেই রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা। এছাড়াও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ এবং বাজারের আয়তনের দিক থেকে বাংলাদেশ কিছুটা পিছিয়েছে। কিছুটা অগ্রগতি হলেও এখনো যেসব বিষয়ের ওপর নজর দিতে হবে, তা হল প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বিচার বিভাগ, শ্রমবাজারের দক্ষতা, উদ্ভাবন এবং প্রযুক্তিগত প্রস্তুতি। ড. মোস্তাফিজ বলেন, পুঁজির সহজলভ্যতা নেই। ব্যাংকে অলস টাকার পাহাড় জমা হলেও এখনও সুদের হার সেভাবে কমেনি। সহজে ঋণও পাওয়া যায় না। (২-এর পৃষ্ঠার ১ কলাম)

## উচ্চ জ্বালানি মূল্য সুশাসন ও অবকাঠামো

(১-এর পৃঃ ৫ এর কঃ পর)

সিপিডির বিবেচনায় অন্যান্য সমস্যাগুলোর মধ্যে রয়েছে নীতি নির্ধারণে অস্থিতিশীলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব, উচ্চ কর হার, করের বিভিন্ন আইনে জটিলতা, বৈদেশিক মুদ্রার নীতি, মূল্যস্ফীতি, নৈতিকতার অভাব, উদ্ভাবনী ক্ষমতার অভাব, শ্রম আইনের সীমাবদ্ধতা এবং জনস্বাস্থ্য।

সিপিডির মতে, আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য চ্যালেঞ্জ হবে উচ্চ জ্বালানি মূল্য। এছাড়া চ্যালেঞ্জ হতে পারে সুশাসন, অবকাঠামো, জলবায়ু পরিবর্তন, পরিকল্পিত নগরায়নের অভাব এবং দেশের মধ্যে অভ্যন্তরীণ সংঘর্ষ।

সিপিডির পক্ষ থেকে বলা হয়, বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের আস্থা বাড়াতে উদ্যোগ নিতে হবে। সংবাদপত্রকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। এছাড়া, দুর্নীতি প্রতিরোধে সর্বোচ্চ রাজনৈতিক অঙ্গীকার এবং আর্থিক খাতসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নিতে হবে। সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ।

অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বৈশ্বিক সক্ষমতা প্রতিবেদনটি তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। বাংলাদেশ হাঁটছে আর অন্যরা দৌড়াচ্ছে।

প্রতিবেদন অনুযায়ী, মোট ৭ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ৩ দশমিক ৮০। সংশ্লিষ্ট ১২টি খাতের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতায় বাংলাদেশের অবস্থান ১৩২ থেকে এসেছে ১২৫ এ, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতায় ৪৯ থেকে ৬৫, মার্কেট দক্ষতায় ১০১ থেকে ৯৬, শ্রমবাজারের দক্ষতায় ১২১ থেকে ১২০ এবং আর্থিক বাজারের দক্ষতায় বাংলাদেশের অবস্থান ৯০ থেকে ৯৯তম স্থানে চলে এসেছে। তবে প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষায় গুণগতমানে পিছিয়েছে। অবনতি হয়েছে শেয়ারবাজারেরও।

বিশ্ব অর্থনৈতিক ফোরামের বরাত দিয়ে সিপিডি অনুষ্ঠানে উল্লেখ করে, বেশ কিছু কারণে বাংলাদেশ থেকে দেশের বাইরে টাকা পাচার হচ্ছে। এর মধ্যে প্রথম কারণ হল রাজনৈতিক অস্থিরতা। এছাড়া রয়েছে ব্যবসায়িক পরিবেশের অভাব, দুর্নীতি, কালো টাকা, উচ্চ কর, দুর্বল শেয়ারবাজার, সহিংসতা এবং সরকারের নজরদারির অভাব।

প্রতিবেদনে জানা গেছে, বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারত এগিয়েছে। দেশটির অবস্থান এ বছর ৩৯তম। গত বছর এই অবস্থান ৫৫তম ছিল। অন্যদিকে, পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে এ বছর ১২২তম অবস্থানে পৌঁছেছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভালো। দেশটির অবস্থান এবার ২৫তম। এ ছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম।

মোট ১২টি বিষয়ের ওপর ভিত্তি করে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। বাংলাদেশে এ প্রতিবেদন তৈরিতে ৭৯টি মাঝারি এবং বড় ব্যবসা প্রতিষ্ঠানের মতামত নেয়া হয়েছে।

সমকাল
Date:29-09-2016 Page: 02 Col: 6-7 Size: 20 Col*Inc

# প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগোল বাংলাদেশ

■ সমকাল প্রতিবেদক

অর্থনীতিতে প্রতিযোগিতা সক্ষমতার বৈশ্বিক সূচকে বাংলাদেশ গত বছরের তুলনায় একধাপ এগিয়েছে। বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) এ বিষয়ক সর্বশেষ জরিপে ১৩৮ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান দাঁড়িয়েছে ১০৬। গত বছর ১৪০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। গতবার দুই ধাপ এগিয়েছিল বাংলাদেশ।

গতকাল বুধবার বিশ্বব্যাপী একযোগে 'গ্লোবাল কম্পেটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে ডব্লিউইএফ। বাংলাদেশে এ প্রতিবেদন আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছে ডব্লিউইএফের সহযোগী বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনের বিস্তারিত তুলে ধরেন। এ সময় সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমানসহ অন্যান্য গবেষক উপস্থিত ছিলেন।

খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, সক্ষমতা সূচকে বাংলাদেশ এগোচ্ছে ঠিকই। কিন্তু তা বিশ্বের অন্যান্য দেশের তুলনায় কম গতিতে। বলা যেতে পারে, বাংলাদেশ হাঁটছে, অন্যরা দৌড়াচ্ছে। বাংলাদেশের উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার জন্য এই গতি যথেষ্ট নয় বলে মনে করেন তিনি।

মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশকে উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার জন্য প্রতিযোগিতা সক্ষমতা আরও বাড়াতে হবে। এ জন্য দক্ষতা, সেবার মান ও উৎপাদনশীলতা বাড়াতে হবে। শুধু শ্রম নিয়োজিত করলে হবে না, শ্রমের দক্ষতা এবং একই সঙ্গে বিনিয়োগ বাড়ানো গুরুত্বপূর্ণ।

## বিশ্ব অর্থনৈতিক ফোরামের রিপোর্ট

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ১৯৭৯ সাল থেকে জরিপের মাধ্যমে এই বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচক তৈরি করে আসছে। বাংলাদেশ ২০০১ সাল থেকে এই জরিপে অন্তর্ভুক্ত। চলতি বছরের শুরুতে এই জরিপ পরিচালনা করা হয়। বাংলাদেশে সিপিডি ব্যবসা প্রতিষ্ঠানে এ জরিপ পরিচালনা করে। একটি দেশের অবস্থান বিচার করার জন্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্যবাজারে দক্ষতা, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার, বাজার সংবেদনশীলতা এবং উদ্ভাবন– এই ১২টি সূচক বিবেচনা করা হয়েছে। ১২টি বিষয়ে এ বছর বাংলাদেশের স্কোর দাঁড়িয়েছে ৩ দশমিক ৮। আগের বছরও এই একই স্কোর ছিল। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের পৃষ্ঠা ৪ : কলাম ২

# প্রতিযোগিতা সক্ষমতা সূচকে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

স্কোর ছিল ৩ দশমিক ৬। আর ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। এবারের জরিপে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও উদ্ভাবন সূচকে বাংলাদেশের উন্নতি হয়েছে। আর সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রমবাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকার সূচকে কম স্কোর পেয়েছে বা অবনতি হয়েছে। আর স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্যবাজারের দক্ষতা সূচকে স্কোর হয়েছে গতবারের সমান, অর্থাৎ পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে।

পর্যাপ্ত অবকাঠামো না থাকাই বাংলাদেশে ব্যবসা করার প্রধান প্রতিবন্ধকতা বলে উল্লেখ করেছেন সিপিডির জরিপের অংশ নেওয়া ব্যবসায়ীরা। এরপরই দুর্নীতিকে সমস্যা হিসেবে দেখছেন তারা। এ ছাড়া অর্থায়নের সমস্যা, আমলাতন্ত্রের অদক্ষতা, কর্মী বাহিনীর প্রয়োজনীয় শিক্ষার অভাব, করহার, ঘন ঘন নীতির পরিবর্তন, করবিধি, সন্ত্রাস, চুরিসহ কমপক্ষে ১৬টি বিষয়কে বড় সমস্যা হিসেবে দেখছেন ব্যবসায়ীরা।

মোয়াজ্জেম হোসেন বলেন, দু-একটি সূচক বাদে অধিকাংশ মৌলভিত্তিতে ভালো করতে পারছে না বাংলাদেশ। সামগ্রিক স্থিতিশীলতায় ওঠানামা রয়েছে। বাজেট ঘাটতি বাড়ছে। সামগ্রিক সঞ্চয়, ক্রেডিট রেটিংয়ে অন্যান্য দেশের তুলনায় পিছিয়ে পড়ছে। ফলে আর্থিক খাতের উৎকর্ষে ক্রমাগত পিছিয়ে যাচ্ছে বাংলাদেশ। দক্ষতার এসব মানদণ্ডে বিশেষ নজর দেওয়ার প্রয়োজন দেখা দিয়েছে। গতবারের মতো এবারও ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সূচকে শীর্ষস্থানে রয়েছে সুইজারল্যান্ড। তাদের স্কোর ৫ দশমিক ৮। এরপরই ৫ দশমিক ৭২ স্কোর নিয়ে সিঙ্গাপুর দ্বিতীয় ও ৫ দশমিক ৭০ স্কোর নিয়ে যুক্তরাষ্ট্র তৃতীয় অবস্থানে রয়েছে। এর পরেই রয়েছে নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত সূচকের ৫৫তম অবস্থান থেকে এগিয়ে ৩৯তম হয়েছে। নেপাল ১০০ থেকে ৯৮, ভুটান ১০৫ থেকে ৯৭ এবং পাকিস্তান ১২৬ থেকে ১২২ নম্বর অবস্থানে উঠে এসেছে। কেবল শ্রীলংকা ৬৮ থেকে পিছিয়ে গেছে ৭১ নম্বর অবস্থানে। এ ছাড়া মালয়েশিয়া, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, ফিলিপাইন কয়েক ধাপ করে পিছিয়েছে। চীনের অবস্থান অপরিবর্তিত রয়েছে।

সমকাল
Date:29-09-2016 Page: 12 Col: 1-4 Size: 32 Col*Inc

# আর্থিক খাত নিয়ে অসন্তুষ্ট ব্যবসায়ীরা

**সমকাল প্রতিবেদক**

আর্থিক খাতের সেবা নিয়ে অসন্তুষ্ট দেশের ব্যবসায়ীরা বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) এক সমীক্ষায় অংশ নেওয়া ব্যবসায়ীরা বলেছেন, ব্যাংক থেকে ঠিকমতো সেবা পাওয়া যাচ্ছে না। পুঁজিবাজার থেকে তহবিল সংগ্রহ কঠিন হয়ে পড়ছে। এর পাশাপাশি অবকাঠামোয় ব্যাপক ঘাটতি রয়েছে। সুশাসনের অভাব এখনও বড় সমস্যা। আর নিরাপত্তা সমস্যা দিন দিন বড় হচ্ছে। তবে সামগ্রিক বিবেচনায় বেশিরভাগ ব্যবসায়ী চলতি ২০১৬ সালকে বিনিয়োগের ক্ষেত্রে আশাবাদী।

সিপিডি ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের পক্ষে 'গ্লোবাল কমপিটিটিভনেস রিপোর্ট-২০১৬-১৭' এর জন্য এ জরিপ করে। গতকাল বুধবার গ্লোবাল কমপিটিটিভনেস রিপোর্টের পাশাপাশি এই সমীক্ষার ফল প্রতিবেদন আকারে প্রকাশ করে সিপিডি। রাজধানীর সিরডাপ মিলনায়তনে সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম এই প্রতিবেদনের বিস্তারিত তুলে ধরেন। এ সময় সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমানসহ অন্যান্য গবেষক উপস্থিত ছিলেন।

অবকাঠামো, প্রযুক্তি, আর্থিক পরিবেশ, বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ, অভ্যন্তরীণ প্রতিযোগিতা, ব্যবসা পরিচালনা ও উদ্ভাবন, নিরাপত্তা, সুশাসন, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ে ব্যবসায়ীদের মতামত চাওয়া হয় জরিপে। দেশের ৮৯টি বড় ও মাঝারি মানের শিল্প প্রতিষ্ঠান এতে অংশ নেয়। চলতি বছরের ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত এ জরিপ পরিচালনা করা হয়েছে।

জরিপে অংশ নেওয়া ব্যবসায়ীদের ৬৫ ভাগ মনে করেন, আর্থিক সেবার ব্যয় ব্যবসাকে বাধাগ্রস্ত করছে। আর্থিক খাতে পণ্য ও সেবা সীমিত। ব্যবসা শুরুর জন্য পুঁজি পাওয়া বেশ কষ্টকর। পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহ করার বিষয়টি আগের মতো স্বাভাবিক নেই। ৭৪ ভাগ উত্তরদাতা মনে করেন পুঁজিবাজারের ইনসাইডার ট্রেডাররা সুবিধা পান।

বাজারের দুর্বল পর্যবেক্ষণ এখনও উদ্বেগের কারণ। আগামী ১০ বছরে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য যে ঝুঁকিগুলো ব্যবসায়ীরা দেখছেন, তার মধ্যে অন্যতম হচ্ছে জ্বালানি মূল্য। এত সমস্যার মধ্যেও ব্যবসায়ীরা মনে করছেন, ২০১৬ সাল বিনিয়োগ সহায়ক বছর হবে। কারণ রাজনৈতিক অস্থিরতা নেই, মূল্যস্ফীতি সহনশীলতার মধ্যে রয়েছে এবং অবকাঠামো খাতে কিছু দৃশ্যমান অগ্রগতি হয়েছে।

খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ব্যবসায়ীদের মতে বিদ্যুৎ খাত ছাড়া অবকাঠামো খাতে বিশেষ উন্নতি হয়নি। তারা বিদ্যুৎ খাত নিয়ে সন্তুষ্ট। তবে এ খাতের সরবরাহ ও বিতরণ ব্যবস্থায় বিনিয়োগ চান তারা। আইসিটি খাতকেও ইতিবাচকভাবে দেখছেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীরা বলছেন আইসিটি খাতে দক্ষতা বেড়েছে। তবে সড়ক, রেল, আকাশ ও নদীপথ নিয়ে ব্যবসায়ীদের অভিযোগের অন্ত নেই। এসব বিনিয়োগ বাড়ানো দরকার বলে মনে করেন তারা। ব্যবসা ও বিনিয়োগে গতি বাড়াতে বেশ কিছু খাতে সংস্কারের প্রস্তাব করেছেন ব্যবসায়ীরা। তারা বলেছেন, কর সম্পর্কিত নীতি, ভ্যাট আইন, ভূমি সংস্কার ও কোম্পানি আইনে সংস্কার দরকার।

তিনি বলেন, ব্যবসায়ীরা মনে করেন অভ্যন্তরীণ প্রতিযোগিতায় বাজার উন্নত হচ্ছে। বিভিন্ন খাতে নতুন প্রতিযোগী আসছে বাজারে। তবে প্রতিযোগিতা বাড়লেও বড় কয়েকটি গ্রুপের হাতে বাজার দখলে রয়েছে। এজন্য প্রতিযোগিতা কমিশনকে শক্তিশালী করা প্রয়োজন বলে মত দিয়েছে সিপিডি।

সন্ত্রাস ও জঙ্গিবাদের তুলনায় অভ্যন্তরীণ সন্ত্রাস ও বেআইনি কর্মকাণ্ড ব্যবসাকে বেশি ক্ষতিগ্রস্ত করছে বলে মত দিয়েছেন ব্যবসায়ীরা। জরিপে অংশ নেওয়া ৬৮ শতাংশ উত্তরদাতা বলেছেন, আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশের সেবা নির্ভরযোগ্য নয়। যে কারণে ব্যবসায় নিরাপত্তা ঝুঁকি অন্যতম উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। সুশাসন প্রশ্নে অধিকাংশ উত্তরদাতা বলেছেন, বাংলাদেশের দুর্বলতার অন্যতম বিষয় সুশাসনে ঘাটতি।

**ব্যবসা পরিবেশের ওপর সিপিডির জরিপ**


৬৫ শতাংশ উত্তরদাতা মনে করেন আর্থিক সেবার ব্যয় বেশি


ব্যাংক ঋণ পাওয়া কঠিন মনে করেন ৬২ শতাংশ ব্যবসায়ী


অপরাধ ও সন্ত্রাসের প্রভাবে ক্ষতিগ্রস্ত ব্যবসা বাণিজ্য

সকালের খবর
Date:29-05-2016 Page: 6, Col 1-4 Size: 24 Col*Inc

## পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহে সুস্থ পরিস্থিতি নেই : সিপিডি

# বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগোলেও গতি কম

নিজস্ব প্রতিবেদক ■

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। তবে অন্য দেশ দ্রুত এগোলেও বাংলাদেশের গতি কম। ২০১৫-১৬ অর্থবছরে ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৭। এ বছর ১০৬তম অবস্থানে পৌঁছেছে বাংলাদেশ। গতকাল ১৩৮টি দেশে এই বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা প্রতিবেদনটি প্রকাশ করা হয়। রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)।

প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশের প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারত এগিয়েছে। দেশটির অবস্থান এ বছর ৩৯তম। গত বছর এই অবস্থান ৫৫তম ছিল। অন্যদিকে, পাকিস্তান ১২৬তম অবস্থান থেকে এ বছর ১২২তম অবস্থানে পৌঁছেছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে মালয়েশিয়ার অবস্থান সবচেয়ে ভালো। দেশটির অবস্থান এবার ২৫তম। এ ছাড়া চীনের অবস্থান ২৮তম, থাইল্যান্ডের ৩৪তম ও ইন্দোনেশিয়ার অবস্থান ৪১তম। এছাড়া শ্রীলঙ্কা, ভুটান ও নেপালের অবস্থান যথাক্রমে ৭১, ৯৭, ৯৮।

প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থার ওপর জরিপ চালিয়ে প্রতিবেদন প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)। বাংলাদেশ সম্পর্কে এই প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে সিপিডি। অনুষ্ঠানে সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম প্রতিবেদনটি তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ এগোচ্ছে। কিন্তু যে গতি দরকার, তা নেই। আমরা হাঁটছি আর অন্যরা দৌড়াচ্ছে।

প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরে ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে গত বছর যেসব দেশ শীর্ষ দশের মধ্যে অবস্থান করছিল, এ বছরও সেই অবস্থানে রয়েছে সে দেশগুলো। এ সূচকের প্রথম অবস্থানে রয়েছে সুইজারল্যান্ড, দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে সিঙ্গাপুর এবং যুক্তরাষ্ট্র। তিনি জানান, বৈশ্বিক অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা সূচকে জার্মানিকে পেছনে ফেলে চতুর্থ স্থান দখল করেছে নেদারল্যান্ডস। জার্মানি এখন পঞ্চম স্থানে আছে। এছাড়া ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম এবং ১০ম অবস্থানে রয়েছে যথাক্রমে সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং এবং ফিনল্যান্ড।

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম আরও বলেন, বৈদেশিক বাণিজ্য বা বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এসেছে। তবে বৈশ্বিক অবস্থানের ক্ষেত্রে তেমন কোনো পরিবর্তন হয়নি। বিনিয়োগের বাজারটি কতিপয় বড় গ্রুপের ওপর নির্ভরশীল। কিছু সংখ্যক গ্রুপ অব কোম্পানি যদি এ বাজারটিকে নিয়ন্ত্রণ করে তাহলে সামগ্রিক প্রতিযোগিতার জায়গাটি নষ্ট হয়ে যাবে। এ থেকে আমাদেরকে বেরিয়ে আসতে হবে।

গোলাম মোয়াজ্জেম বলেন, আমাদের তথ্যপ্রযুক্তি খাতে ইতিবাচক পরিবর্তন এসেছে। ব্যবসায়ীরা এদিকে ব্যাপক আগ্রহ দেখাচ্ছেন। প্রযুক্তি খাতের নতুন নতুন উদ্ভাবন ব্যবসায়ীদের মধ্যে প্রতিযোগিতার সৃষ্টি করছে। এর জন্য সরকারের আইসিটি বাস্তবায়নকে ব্যবসায়ীরা ইতিবাচকভাবে গ্রহণ করছে।

তিনি বলেন, ব্যাংকের সক্ষমতার জায়গা আগের তুলনায় পিছিয়েছে। আর্থিক খাতে ব্যবসায়ীদের জোরালোভাবে আপত্তি রয়েছে। এ খাতে র‌্যাংকিং গত বছরের তুলনায় ৯ ধাপ বেড়ে দাঁড়িয়েছে ৯৯তম স্থানে। এ জায়গাটিতে আমরা নিম্ন সারির দেশগুলোর সঙ্গে অবস্থান করছি।

তিনি আরও বলেন, বৈশ্বিক সমস্যার মধ্যে ব্যবসায়ীরা জ্বালানি সমস্যাকে মারাত্মক ঝুঁকি হিসেবে দেখছেন। জ্বালানি মূল্যের ঝুঁকিকে তারা আগামী দিনের জন্য বৈশ্বিক ঝুঁকি হিসেবে বিবেচনা করছেন। অভ্যন্তরীণ সুশাসনের অভাবকেও তারা বৈশ্বিক ঝুঁকি হিসেবে দেখছেন।

সিপিডির নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তাফিজুর রহমান বলেন, একটি দেশের প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজার দক্ষতা, শ্রম বাজার দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার ও সংবেদনশীলতা এবং নতুনত্ব বিবেচনায় এই বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা জরিপ করা হয়।

পুঁজিবাজার প্রসঙ্গে তিনি বলেন, পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহের ক্ষেত্রে আগের মতো সুস্থ পরিস্থিতি এখন নেই। এ কারণেই আর্থিক খাতে নেতিবাচক প্রভাব পড়ছে। তিনি আরও বলেন, দুর্বল মনিটরিংয়ের কারণে শেয়ারবাজার এখনও উদ্বেগের কারণ হয়ে রয়েছে।

এদিকে শেয়ারবাজার ইনসাইডার ট্রেডিং দ্বারা নিয়ন্ত্রিত বলে বিশ্ব প্রতিযোগিতা রিপোর্টে তুলে ধরা হয়। এছাড়া শেয়ারবাজারের মাধ্যমে অর্থ উত্তোলন কঠিন হওয়ায় দেশের আর্থিক খাতে নেতিবাচক প্রভাব পড়ছে বলে জানানো হয়। দেশের আর্থিক খাতের উন্নয়নের স্বার্থে এসব সমস্যা সমাধান করা দরকার বলে সুপারিশ করা হয়। একই সঙ্গে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালী করার কথা বলা হয়।

মোস্তাফিজুর রহমান আরও বলেন, বিভিন্ন খাতে ঘুষ-দুর্নীতি তুলনামূলক কমেছে, তবে আরও কমাতে হবে। এদিকে বিশেষ নজর দিলে অর্থনৈতিক, বিনিয়োগ এবং সর্বোপরি বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করবে বাংলাদেশ।

প্রতিবেদন প্রকাশে খন্দকার গোলাম মোয়াজ্জেম আরও উল্লেখ করেন, সুশাসনের ক্ষেত্রে বাংলাদেশ ইতিবাচক পরিবর্তন করলেও এদিকে আরও গুরুত্ব দেওয়া দরকার। জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা এ বিষয়কে ব্যবসার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন।

দেশের কল্যাণে প্রতিদিন
ভোরের পাতা
Date: 29-09-2016 Page: 01, Col 5 Size: 9 Col*Inc

# সূচকে বাংলাদেশের আরেক ধাপ অগ্রগতি

■ অর্থনৈতিক প্রতিবেদক

বিশ্বে প্রতিযোগিতার সক্ষমতা সূচকে বাংলাদেশ আরও এক ধাপ এগিয়ে গেছে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম তাদের 'গ্লোবাল কমপেটিটিভনেস রিপোর্ট ২০১৬-১৭' বলছে, এবার ১৩৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০৬তম। আগের বছর দুই ধাপ এগিয়ে ১০৭-এ পৌঁছেছিল বাংলাদেশ। সক্ষমতা সূচকে এক ধাপ অগ্রগতি হলেও সব মিলিয়ে বাংলাদেশের স্কোর হয়েছে গতবছরের মতই, ৩ দশমিক ৮। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশের স্কোর ছিল ৩ দশমিক ৬; আর ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩ দশমিক ৭। দাভোস ফোরাম নামে পরিচিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম গতকাল বুধবার সারাবিশ্বে একযোগে এ প্রতিবেদন প্রকাশ করে। চলতি বছরের শুরুতে চালানো জরিপের ভিত্তিতে তৈরি করা হয়েছে এ প্রতিবেদন। অবকাঠামোগত দুর্বলতা, দুর্নীতি, ঋণপ্রাপ্তি ও দক্ষ কর্মীর অভাবকেই বাংলাদেশে ব্যবসার

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ১

## সূচকে বাংলাদেশের

(প্রথম পৃষ্ঠার পর) ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করেছেন জরিপে অংশগ্রহণকারী ব্যবসায়ীরা। ঢাকায় ফোরামের পক্ষে বাংলাদেশে প্রতিবেদনটি প্রকাশ করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ২০০১ সাল থেকে এ প্রতিবেদন তৈরি করে আসছে। সিপিডি বৈশ্বিক এ ফোরামের সহযোগী হিসেবে কাজ করে। গতবারের মতো এবারও ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সূচকে শীর্ষস্থানে রয়েছে সুইজারল্যান্ড, তাদের স্কোর ৫ দশমিক ৮। এরপরই রয়েছে সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, জার্মানি, সুইডেন, যুক্তরাজ্য, জাপান, হংকং ও ফিনল্যান্ড। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত সূচকের ৫৫তম অবস্থান থেকে এগিয়ে ৩৯, নেপাল ১০০ থেকে ৯৮, ভুটান ১০৫ থেকে ৯৭, পাকিস্তান ১২৬ থেকে ১২২ নম্বর অবস্থানে উঠে এসেছে। কেবল শ্রীলংকা ৬৮ থেকে পিছিয়ে গেছে ৭১ নম্বর অবস্থানে। উল্লেখ্য, একটি দেশের অবস্থান বিচার করার জন্য প্রতিষ্ঠান, অবকাঠামো, সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, পণ্য বাজারে দক্ষতা, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের আকার; বাজারের সংবেদনশীলতা এবং নতুনত্ব- এই ১২টি সূচক বিবেচনা করা হয়েছে। এবারের প্রতিবেদনে প্রতিষ্ঠান, অবকাঠামো, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ, প্রযুক্তিগত প্রস্তুতি, বাজারের সংবেদনশীলতা ও নতুনত্ব সূচকে বাংলাদেশের উন্নতি হলেও সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ, শ্রম বাজারে দক্ষতা, আর্থিক খাতের উন্নয়ন ও বাজারের আকারে স্কোর কমেছে। আর স্বাস্থ্য ও প্রাথমিক শিক্ষা এবং পণ্য বাজারের দক্ষতা সূচকে স্কোর হয়েছে গতবারের সমান।